অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/15/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 2019 ন্যায়বিচার এজেন্ডার (2019 JUSTICE AGENDA) আউটলাইন করলেনঃ এখনই সঠিক সময়

নবম স্টেট অব দ্য স্টেট ভাষণে (State of the State Address), গভর্নর সবার জন্য সম্পূর্ণ সত্য ন্যায়বিচারের প্রতিশ্রুতি নিশ্চিত করার জন্য এজেন্ডাটি অগ্রসর করলেন

গভর্নর কুওমো বলেছেনঃ "আমাদের সীলমোহরে লেখা আছে মহান নিউ ইয়র্ক স্টেট (Great State of New York)। আপনারা কি জানেন কেন নিউ ইয়র্ক মহান? কারণ নিউ ইয়র্ক বিভেদকে বিভক্ত করে জয়লাভ এই ধারণা অস্বীকার করে এবং একত্রিত হয়ে বিকাশে বিশ্বাস করে। নিউ ইয়র্ক মহান কারণ আমরা কমিউনিটি ও পারস্পরিকতায় বিশ্বাস করি এবং আমরা বিশ্বাস করি সেই ভোজই সর্বাধিক মহান যেখানে সর্বাধিক সংখ্যক মানুষ অংশ নেয়। আমরা মহান কারণ আমরা বিশ্বাস করি চার অক্ষরের সব থেকে শক্তিশালী শব্দ এখনো ভালোবাসা। ঘৃণা নয়। নিউ ইয়র্ক আপনাদের ভালোবাসে এবং আমাদের স্টেটকে মহান বানায় আমাদের স্টেটের ঘৃণার প্রতি অসহনশীলতা। এটিই নিউ ইয়র্ক। এবং আমরা যা আমরা তাই। এবং জাতির প্রতি এটি আমাদের বার্তা।"

ফেডারেল সরকার যখন বিশৃঙ্খল এবং অচলাবস্থা চলছে, গভর্নর কুওমো নিউ ইয়র্ককে প্রভাবিত করে এমন সব প্রধান সমস্যার ক্ষেত্রে সামনের দিকে অগ্রসর হতে নেতৃত্ব দিচ্ছেন

অর্থ বছর 2020 নির্বাহী বাজেট (FY 2020 Executive Budget) নিউ ইয়র্কবাসীকে ওয়াশিংটনের বিধ্বংসী ফেডারেল আক্রমণ থেকে রক্ষা করে, মধ্যবিত্তদের শক্তিশালী করে, পরিবেশ নিরাপদ রাখে, শিক্ষা ক্ষেত্রে অভূতপূর্ব বিনিয়োগ প্রদান করে, ভিড়ের উপর অর্থ নির্ধারণ বাস্তবায়ন করে, প্রাপ্তবয়স্কদের ভাং ব্যবহার বৈধ করে, আমাদের কমিউনিটির স্বাস্থ্য রক্ষা করে এবং আমাদের পরিকাঠামোকে অগ্রসর করে

2019 স্টেট অব দ্য স্টেট বই পাওয়া যাবে এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে তার 2019 স্টেট অব দ্য স্টেট ভাষণ দিলেন। গভর্নরের 2019 ন্যায়বিচার এজেন্ডা সবার জন্য সম্পূর্ণ সত্য ন্যায়বিচারের প্রতিশ্রুতি নিশ্চিত করে। ফেডারেল সরকার যখন বিশৃঙ্খল এবং অচলাবস্থা চলছে, গভর্নর কুওমো সামনের দিকে অগ্রসর হতে নেতৃত্ব দিচ্ছেন। ন্যায়বিচার এজেন্ডা নিউ ইয়র্কবাসীকে ওয়াশিংটনের বিধ্বংসী ফেডারেল আক্রমণ থেকে রক্ষা করে, মধ্যবিত্তদের শক্তিশালী করে, পরিবেশ নিরাপদ রাখে, আমাদের কমিউনিটির স্বাস্থ্য উন্নত করে এবং একবিংশ শতাব্দীতে আমাদের পরিকাঠামোকে অগ্রসর করে। ধারাবাহিকভাবে নবম বছরের মতো, বাজেটটি ভারসাম্যপূর্ণ এবং ব্যয়ের বৃদ্ধি দুই শতাংশের কম। ডিসেম্বর মাসে, দেশের সর্ববৃহৎ সামাজিক সংকটের মুখোমুখি হয়ে এবং ফেডারেল সরকার

যখন বহু প্রজন্মের অগ্রগতি বাতিল করতে চাচ্ছে, গভর্নর কুওমো তার আইনি এজেন্ডা পেশ করলেন যাতে বিধানসভা এই শীর্ষ অগ্রাধিকারপ্রাপ্ত ব্যাপারে কাজ শুরু করতে পারে। তার স্টেট অব দ্য স্টেট ভাষণে, গভর্নর বিধানসভাকে দ্রুত কাজ করার এবং অধিবেশনের প্রথম 100 দিনে এইসব অগ্রাধিকারে অবিলম্বে কাজ করার আহ্বান করলেন।

"জাতীয় পর্যায় এক নজিরহীন চ্যালেঞ্জের মুখোমুখি হয়ে এবং যখন ফেডারেল সরকার সম্পূর্ণভাবে থেমে আছে, নিউ ইয়র্ক আমাদের ইতিহাসের সর্বাপেক্ষা উৎপাদনশীল এজেন্ডা কার্যকরী করবে এবং আমাদের অর্জনের রেকর্ডে আরো অর্জন যুক্ত করবে", **গভর্নর কুওমো বলেন।** "এটি একটি সত্যিকারের ন্যায়বিচার এজেন্ডা যা নিশ্চিত করে যে আমাদের সব থেকে অভাবী স্কুলগুলি তহবিলের একটি ন্যায্য ভাগ পায় , ঐতিহাসিক অপরাধী ন্যায়বিচার সংশোধন অগ্রসর করে, আমাদের স্বাস্থ্যসেবা রক্ষা করে, এবং জলবায়ু পরিবর্তন ও আমাদের পরিবেশ ও পানি দূষণের বিরুদ্ধে লড়াইয়ে দেশকে নেতৃত্ব দেয়। যখন ওয়াশিংটনের কট্টর রক্ষণশীলরা বিভেদ ও জ্বালানি বিশৃঙ্খলা দিয়ে চালিত হয়, নিউ ইয়র্ক উন্নয়নের আলোকশিখা প্রজ্বলিত করবে এবং মানুষের জীবনে সত্যিকারের পার্থক্য তৈরি করবে।"

অর্থ বছর 2020 নির্বাহী বাজেটঃ

- অর্থ বছর 2020 নির্বাহী বাজেটটির মূল্য সব তহবিলের ভিত্তিতে 175.2 বিলিয়ন মার্কিন ডলার।
- স্টেট চালানোর তহবিল 102.0 বিলিয়ন মার্কিন ডলার, বৃদ্ধি 1.9%।
- স্বাস্থ্য ও শিক্ষা ব্যয় বৃদ্ধি 3.6%, নির্বাহী এজেন্সি 0.8%।

অর্থনৈতিক ন্যায়বিচার

মধ্যবিত্তের কর কর্তনের ফেজ-ইন অব্যাহত রাখাঃ বাজেটটি মধ্যবিত্তের কর কর্তনের ফেজ-ইন সমর্থন করে। এইসব সংশোধনের অধীনে, যখন কর্তন পুরোপুরি ফেজ-ইন হবে তখন হার 5.5 শতাংশ ও 6 শতাংশে নেমে যাবে - মধ্যবিত্তের জন্য 20 শতাংশ পর্যন্ত আয়কর কর্তন - এবং 2025 সালের মধ্যে ছয় মিলিয়ন ফাইলারের জন্য আনুমানিক 4.2 বিলিয়ন মার্কিন ডলার বার্ষিক সঞ্চয় তৈরি করা। নতুন হার ফেজ-ইন হওয়ার সাথে, এটি হবে 70 বছরের মধ্যে স্টেটের মধ্যবিত্ত শ্রেণীর জন্য সর্বনিম্ন কর হার।

মিলিয়নিয়ারের কর মেয়াদ বৃদ্ধিঃ প্রগতিশীলতার সমৃদ্ধ করতে যে উন্নয়ন হয়েছে তা রক্ষা করতে এবং নিউ ইয়র্কের মধ্যবিত্তের জন্য কর ন্যায্যতা নিশ্চিত করতে, গভর্নর কুওমো মিলিয়নারদের উপর বর্তমান কর হার কে পাঁচ বছরের জন্য মেয়াদ বৃদ্ধি করার প্রস্তাব দিচ্ছেন। এর ফলে বার্ষিক 4.4 বিলিয়ন মার্কিন ডলার রক্ষা হবে যা অন্যথায় নিউ ইয়র্কের ভবিষ্যৎ অর্থনৈতিক সমৃদ্ধি নিরাপদ রাখতে শিক্ষা ও পরিকাঠামোতে অত্যাবশ্যকীয় বিনিয়োগ করার জন্য পাওয়া যেত না।

অত্যন্ত সফল সম্পত্তি কর সীমা স্থায়ী করাঃ গভর্নর কুওমো সর্বপ্রথম সম্পত্তি কর সীমাকে গভর্নর হিসেবে তার প্রথম ক্যাম্পেইনের হলমার্ক বানিয়েছিলেন এবং তার প্রশাসনের প্রথম বছরে এটি একটি। 2012 সালে কর সীমা বাস্তবায়নের প্রো থেকে, প্রায় দুই শতাংশ গড় বৃদ্ধি হয়েছে এবং কর সীমাটি আনুমানিক 25 বিলিয়ন মার্কিন ডলার মূল্যের করদাতার সঞ্চয় তৈরি করেছে। গভর্নর প্রস্তাব দিচ্ছেন যে নিউ ইয়র্ক এই সম্পত্তি কর সীমাটি টিকিয়ে রাখুক এবং স্থায়ী ঘোষণা করুক, যেমনটি তিনি অতীতে বলেছেন।

সুদ বহন (Carried Interest) লুপহোল বন্ধ করাঃ ফেডারেল আইনের এক বিশাল লুপহোলের কারণে, হেজ তহবিল ব্যবস্থাপক ও বেসরকারি ইকুইটি বিনিয়োগকারীর মতো দেশের কিছু অত্যন্ত ধনী ব্যক্তি অনেক মধ্যবিত্ত পরিবারের তুলনায় কম হারে আয়কর দিচ্ছে। এই 'সুদ বহন' লুপহোলের ফলে নিউ ইয়র্কের মধ্যবিত্ত শ্রেণীর একটি বড় ব্যয় বৃদ্ধি হচ্ছে এবং স্টেট প্রতি বছর প্রায় 100 মিলিয়ন মার্কিন ডলার হারাচ্ছে। সর্বাধিক ধনী আমেরিকানরা ন্যায্য অংশ পরিশোধ করছে তা নিশ্চিত করতে, গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেট আইনের অধীনে 'সুদ বহন' লুপহোল বন্ধ করার একটি ল্যান্ডমার্ক পদক্ষেপ নিতে যাচ্ছেন এবং এর ফলে ফেডারেল কর কোডের এই লুপহোলের কারণে প্রাপ্ত সুযোগসুবিধা কার্যকরভাবে দূর করা যাবে।

স্টেট ও স্থানীয় করে পূর্ণ ডিডাকটিবিলিটির জন্য লড়াইঃ গভর্নর কুওমো কংগ্রেসে বিবেচনাধীন প্রতিটি ধাপে ফেডারেল কর বিলের বিপক্ষে লড়াই করেছেন। এটি পাশ হওয়ার পর, ফেডারেল সরকারের বিরুদ্ধে এই অবৈধ ও নির্দিষ্ট আক্রমণের কারণে মামলা করতে নিউ ইয়র্ক আরো তিনটি স্টেটের সাথে একত্র হয়েছে। গভর্নর এই আইনের বিরুদ্ধে এবং এটি নিউ ইয়র্ক স্টেটের জন্য যেই হুমকি প্রদান করে তার বিরুদ্ধে লড়াই চালিয়ে যাবেন এবং তিনি নতুন ডেমোক্র্যাটিক প্রতিনিধি হাউজকে একত্রিত হয়ে স্টেট এবং স্থানীয় কর (State and Local Tax, SALT) ডিডাকশন সম্পূর্ণভাবে পুনঃস্থাপন করার দাবি করতে তাগিদ দেন।

ফেডারেল সরকারের চ্যালেঞ্জিং অসাংবিধানিক কর আইন যা নিউ ইয়র্ককে টার্গেট করে তার বিপক্ষে মামলা চালিয়ে যাওয়াঃ গভর্নর কুওমো এবং অ্যাটর্নি জেনারেল বারবারা ডি. আন্ডারউড নিউ ইয়র্ক এবং এর করদাতাদের ওয়াশিংটনের SALT ডিডাকশন সাংঘাতিকভাবে সঙ্কুচিত করা থেকে রাখা করতে একটি মামলা দায়ের করেছেন। মামলাটি এই যুক্তিতর্ক করে যে নতুন SALT সীমা নিউ ইয়র্ক ও এইরকম অন্যান্য স্টেটকে টার্গেট করে করা হয়েছে, এবং এটি নিজেদের ফিসক্যাল সিদ্ধান্ত নেওয়ার ব্যাপারে স্টেটের অধিকার খর্ব করে এবং এটি এইসব স্টেটের করদাতাদের সামঞ্জস্যহীনভাবে ক্ষতি করবে। গভর্নর ও অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস আইনটির নজিরহীন ও অসাংবিধানিক SALT ডিডাকটিবিলিটির উপর সীমাবদ্ধতা আরোপ বাতিল করতে লড়াই চালিয়ে যাবেন।

একবিংশ শতাব্দীর পরিকাঠামো নির্মাণ

জাতীর সর্ববৃহৎ পরিকাঠামো প্রোগ্রামে অতিরিক্ত 150 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ:গভর্নর কুওমো আগামী পাঁচ বছরে পরিকাঠামো প্রকল্পে 150 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করার নজিরহীন একটি অঙ্গীকার করেছেন। অর্থ বছর 2020 তে শুরু হয়ে এইসব ক্যাপিটাল প্রকল্প পরিবহন ও গণ ট্রানজিট ব্যবস্থাকে পুনর্নির্মাণ করবে, অর্থনৈতিক ও কমিউনিটির উন্নতি চালিত করবে, নতুন পরিবেশগত ও পার্ক সুবিধা তৈরি করবে এবং আমাদের টেকসই শক্তির ভবিষ্যৎ সমর্থন করবে।

নিউ ইয়র্ক শহরে ট্র্যাফিক ভিড় কমাবে এবং মেট্রোপলিটান ট্রান্সপোর্ট অথরিটি (Metropolitan Transportation Authority, MTA) কে তহবিল প্রদান করবেঃ এই বছর, গভর্নর ভিড়ের উপর অর্থ নির্ধারণ বাস্তবায়ন করবেন ট্রানজিট ব্যবস্থা রূপান্তর করে ম্যানহাটনের ভিড় কমাতে একটি বিশ্বাসযোগ্য তহবিল স্ট্রিম স্থাপন করার জন্য। নিউ ইয়র্ক শহরের সবথেকে ভিড়ের এলাকায় চলাচল করতে যানবাহনগুলির থেকে অর্থ গ্রহণের মাধ্যমে এবং সেই তহবিলকে ট্রানজিট উন্নয়নে পুনরায় বিনিয়োগ করে, এই পরিকল্পনা যানজটের সাথে লড়াই করবে এবং নিউ ইয়র্ক শহরের বাসিন্দা ও অতিথিদের একটি বিশ্বমানের ট্রানজিট সিস্টেম প্রদান করবে যা তাদের প্রাপ্য।

MTA-এর জন্য দায়বদ্ধতা প্রতিষ্ঠা করাঃ MTA এমন এক আমলাতন্ত্র যার কোনো দায়বদ্ধতা নেই। 17 সদস্যের পর্ষদটি কোনো একক ব্যক্তিকে স্পষ্ট মনোনীতদের সংখ্যাগরিষ্ঠতা প্রদান করে না এবং MTA কর্মীদের প্রতিনিধিত্বকারী 32টি ইউনিয়ন আছে যারা পর্ষদ সদস্য নিয়োগকারী নির্বাচিত কর্মকর্তাদের উপর বেশ বড় রকমের রাজনৈতিক ক্ষমতা রাখে। এই আমলাতন্ত্র ঢেলে সাজাতে এবং সিস্টেমটি মেরামত করতে, গভর্নর বিধানসভার সাথে কাজ করে MTA-এর স্পষ্ট কর্তৃত্ব স্থাপনের চেষ্টা করবেন, একইসাথে নিবেদিত তহবিল প্রয়োজনের সমাধান এবং ক্যাপিটাল তহবিল ঘাটতি নিউ ইয়র্ক শহর ও স্টেটের মধ্যে ভাগ করে নেওয়ার ব্যবস্থা করতে চেষ্টা অব্যাহত রাখবেন। পরিষ্কারভাবে প্রদত্ত কর্তৃত্ব ও পর্যাপ্ত তহবিল পেলেই MTAকে ঢেলে সাজিয়ে একটি কার্যকর ও দক্ষ ট্রানজিট সিস্টেমে পরিণত করা সম্ভব যা নিউ ইয়র্কবাসীর প্রাপ্য।

নির্মাণ প্রকল্পসমূহ ত্বরান্বিত করতে নকশা-নির্মাণ (Design-Build) সম্প্রসারণ ও অন্যান্য দক্ষতা বৃদ্ধিঃ গভর্নর কুওমোর 100 বিলিয়ন মার্কিন ডলারের পরিকাঠামো প্রোগ্রাম হল জাতির সর্ববৃহৎ ও সর্বাপেক্ষা সাহসী প্রোগ্রাম। প্রোগ্রামটির সাফল্যের চাবিকাঠি হল জটিল প্রকল্পে নকশা-নির্মাণ পদ্ধতি প্রয়োগ করতে গভর্নরের দূরদৃষ্টিপূর্ণ সিদ্ধান্ত, যার ফলে প্রকল্পের নকশা ও নির্মাণ উভয়ের জন্য একজন ঠিকাদারকে দায়িত্ব প্রদান করে করদাতাদের অর্থ ও সময় বাঁচানো হয়। স্টেটের প্রকল্পগুলিতে দক্ষতা নিশ্চিত করতে, নির্বাহী বাজেটে নির্মাণ ব্যবস্থাপক ঝুঁকিতে এবং নির্মাণ ব্যবস্থাপক-নির্মাণ এর মতো অত্যাধুনিক পদ্ধতি ব্যবহারের অনুমোদন দিয়ে আইন করা হবে, একইসাথে আরো এজেন্সির মধ্যে নকশা-নির্মাণ সম্প্রসারণ করা হবে।

নিউ ইয়র্কের নিচ-থেকে-উপরে অর্থনৈতিক বিকাশ কৌশল (Bottom-Up Economic Development Strategy) অব্যাহত রাখা

রিজিওনাল অর্থনৈতিক বিকাশ কাউন্সিলের নবম পর্যায়ের জন্য 750 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগঃ 2011 সালে, গভর্নর কুওমো 10 রিজিওনাল অর্থনৈতিক বিকাশ কাউন্সিল (Regional Economic Development Councils, REDCs) স্থাপন করেন দীর্ঘমেয়াদি রিজিওনাল কৌশলগত অর্থনৈতিক বিকাশ পরিকল্পনা তৈরি করতে। এর পর থেকে, REDC গুলি 7,300 এর বেশি প্রকল্পে 6.1 বিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। কৌশলটির ফলে নিউ ইয়র্কে নতুন পুরোনো মিলিয়ে 230,000 কর্মসংস্থান হয়েছে। নির্বাহী বাজেটে অন্তর্ভুক্ত আছে মূল ক্যাপিটাল ও কর-ক্রেডিট তহবিল যা বিভিন্ন মাত্রার এজেন্সির সাথে একত্রিত হয়ে নবম পর্যায়ে REDC-এর প্রদত্ত অর্থের পরিমাণ মোট 750 মিলিয়ন মার্কিন ডলার করবে।

চতুর্থ ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative) মাধ্যমে স্টেটের কমিউনিটিগুলিতে বিনিয়োগ করাঃ ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ (Downtown Revitalization Initiative) ডাউনটাউনের এলাকাগুলি রূপান্তরিত করে প্রাণবন্ত কমিউনিটিতে পরিণত করছে যেখানে আগামী প্রজন্মের নিউ ইয়র্কবাসী বাস করতে, কাজ করতে এবং পরিবার গঠন করতে চাইবে। স্টেটের দশটি REDC ডাউনটাউনের রূপান্তরের সম্ভাবনার উপর ভিত্তি করে অংশগ্রহণকারী কমিউনিটি মনোনীত করে। তিন দফার পুরস্কারের মধ্যে, জয়ী কমিউনিটিগুলিকে ডাউনটাউন কৌশলগত বিনিয়োগ পরিকল্পনা বিকাশ ও কমিউনিটির পুনরুজ্জীবন লক্ষ্যের মূল অনুঘটক প্রকল্প বাস্তবায়নের জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করে। নির্বাহী বাজেটটি ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের চতুর্থ পর্যায়ের জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে।

সবার জন্য মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করা

জেলাগুলিকে তাদের সবথেকে অভাবী স্কুলগুলিকে স্টেটের সহায়তার ন্যায্য ভাগ দিতে হবেঃ যদিও স্টেট তার তহবিলের প্রায় 70 শতাংশ সব থেকে অভাবী জেলাগুলিতে বন্টন করে, জেলাগুলি প্রায়ই স্কুলগুলির মধ্যে ন্যায্যভাবে এই তহবিল ভাগ করে দেয় না। এমনকি, এমনও দেখা যায় উল্লেখযোগ্য পরিমাণ বেশি প্রয়োজন আছে এমন স্কুল গুলির স্কুল জেলার গড় স্কুলের থেকে কম সাহায্য পাচ্ছে। আমাদের এই সমস্যার সমাধান করতে হবে এবং তাই গভর্নর প্রস্তাবনা দিচ্ছেন যে এই স্কুল জেলাগুলিকে তাদের প্রাপ্ত 2019-20 স্কুল সহায়তার একটি অংশ এই সব অধিক অভাবী স্কুলের শিক্ষার্থী-প্রতি বরাদ্দ বৃদ্ধি করতে ব্যবহার করতে হবে। এই বরাদ্দ বৃদ্ধি এটি নিশ্চিত করতে সাহায্য করবে যে সবথেকে অভাবী শিক্ষার্থীদের জন্য শিক্ষার ফল উন্নয়ন করতে সাহায্য করার জন্য প্রদত্ত এই তহবিল যেন তাদের কাছে পৌঁছায়।

1 বিলিয়ন মার্কিন ডলার শিক্ষা আর্থিক সহায়তা বৃদ্ধিঃ স্কুল জেলার জন্য স্টেটের সমর্থন অর্থ বছর 2012 থেকে বৃদ্ধি পেয়ে 8.1 বিলিয়ন (42 শতাংশ) মার্কিন ডলার হবে। এই বছরের বৃদ্ধির প্রায় 70 শতাংশ অধিক অভাবী স্কুল জেলাগুলিকে দেওয়া হবে। ফাউন্ডেশন এইড বৃদ্ধি পেয়ে 338 মিলিয়ন মার্কিন ডলার হবে।

সার্বজনীন প্রাক-কিন্ডারগার্টেন সম্প্রসারণ করাঃ উচ্চ-প্রয়োজনের স্কুল জেলাতে তিন বা চার বছর বয়সী শিশুদের জন্য অর্ধ-দিবস ও পূর্ণ-দিবস প্রাক-কিন্ডারগার্টেন নির্দেশিকা সম্প্রসারণ করার জন্য বাজেটটিতে অতিরিক্ত 15 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত করা হয়েছে।

উই টিচ নিউ ইয়র্ক (We Teach NY) প্রোগ্রামের মাধ্যমে ঘাটতি আছে এমন এলাকায় নতুন 250 জন শিক্ষক নিয়োগঃ শিক্ষক কর্মশক্তি পাইপলাইন বৈচিত্র্যময় ও শক্তিশালী করার উদ্দেশ্যে গভর্নর কুওমো আমরা নিউ ইয়র্ককে শেখাই প্রোগ্রামে 3 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের প্রস্তাব করেছেন যা 2024 সালে নিউ ইয়র্কের শ্রেণীকক্ষের প্রয়োজন মেটাতে শনাক্তকৃত পদে কৌশলগতভাবে 250 নতুন শিক্ষক নিয়োগ দিবে।

উচ্চ দারিদ্র্য জর্জরিত স্কুলগুলিতে অগ্রসর কোর্স পড়ানোর জন্য দক্ষ শিক্ষক বৃদ্ধি করাঃ 2013 সালে, গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেট দক্ষ শিক্ষক প্রোগ্রাম (New York State Master Teacher Program)শুরু করেন আমাদের জাতির STEM শিক্ষা শক্তিশালী করতে, এবং বাছাইকৃত শিক্ষকদের চারবছরের যে জন্য বার্ষিক 15,000 মার্কিন ডলার ভাতা, পেশাদারি বিকাশ সুযোগ এবং আগামী প্রজন্মের STEM শিক্ষকদের জন্য একটি সমর্থক পরিবেশ প্ল্যাটফর্ম প্রদান করেন। উচ্চ দারিদ্র্য জর্জরিত স্কুলগুলিতে অসাধারণ শিক্ষকদের নিয়োগ ও ধরে রাখতে, নির্বাহী বাজেট 100 নতুন দক্ষ শিক্ষককে সমর্থন করতে 1.5 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে যারা উচ্চ দারিদ্র্য জর্জরিত স্কুলগুলিতে শিক্ষা প্রদান করবেন যেখানে শিক্ষক চলে যাওয়ার হার বা অনভিজ্ঞ শিক্ষকের হার অনেক বেশি।

শিক্ষার্থী ঋণ গ্রহণকারীদের সুরক্ষা প্রদানঃ নিউ ইয়র্কে আনুমানিক 2.8 মিলিয়ন শিক্ষার্থী ঋণ গ্রহণকারী রয়েছে যার ফলে বিলিয়ন বিলিয়ন মার্কিন ডলার আউটস্ট্যান্ডিং শিক্ষার্থী ঋণের সৃষ্টি হয়, যা প্রায় 30টি শিক্ষার্থী ঋণ সেবা প্রদানকারীর মাধ্যমে দেওয়া হয়। গভর্নর শিক্ষার্থী ঋণ গ্রহণকারীদের জন্য সুইপিং সুরক্ষা অগ্রসর করবেন ফলে নিউ ইয়র্কবাসীর দ্বারা গৃহীত শিক্ষার্থী ঋণ সরবরাহকারী সংস্থাগুলিকে স্টেট লাইসেন্স গ্রহণ করতে হবে এবং আইনের সাথে সঙ্গতিপূর্ণ মানদণ্ড রাখতে হবে এবং বন্ধকীর মতো অন্যান্য উল্লেখযোগ্য ধার পণ্য পরিচালনার আইনকানুন মানতে হবে; আপফ্রন্ট ফি নিষিদ্ধ করা হবে; ন্যায্য চুক্তি এবং ঋণ গ্রহীতাকে স্পষ্ট বোধগম্য ভাবে সব তথ্য প্রদান আবশ্যক হবে; এবং আইন পালনে ব্যর্থ হলে জরিমানা দিতে হবে।

সকল নিউ ইয়র্কবাসীর জন্য অর্থনৈতিক সুযোগ তৈরি করা

175 মিলিয়ন কর্মশক্তি উদ্যোগ (Workforce Initiative) শুরুঃ গভর্নর কুওমো কর্মশক্তি বিনিয়োগের জন্য নতুন দৃঢ় তহবিল অ্যাপ্লিকেশন (Consolidated Funding Application) শুরু করবেন যা ব্যবসায়ের স্বল্প মেয়াদি কর্মশক্তি প্রয়োজন মেটাতে কৌশলগত রিজিওনাল প্রচেষ্টাকে সমর্থন করবে, এবং বর্ধমান শিল্পের দীর্ঘমেয়াদি প্রয়োজন সমাধান করবে - বিশেষ করে পরিচ্ছন্ন শক্তি, স্বাস্থ্য প্রযুক্তি, এবং কম্পিউটার বিজ্ঞানের মতো উন্নয়নশীল ক্ষেত্র যেখানে চাহিদা বাড়ছে সেখানে মনযোগ দেওয়া হবে। এছাড়াও এইসব তহবিল নারী, যুব, এবং ক্যারিয়ার অগ্রসর করতে উল্লেখযোগ্য বাধার সম্মুখীন হয় এমন জনগণের অর্থনৈতিক নিরাপত্তা উন্নত করতে নেওয়া প্রচেষ্টাকেও সমর্থন করবে।

কর্মী প্রশিক্ষণ ইনসেনটিভ প্রোগ্রাম (Employee Training Incentive Program, ETIP) উন্নত করে নিয়োগকর্তা-ভিত্তিক প্রশিক্ষণ সুযোগ সম্প্রসারিত করাঃ গভর্নর কুওমো কর্মী প্রশিক্ষণ ইনসেনটিভ প্রোগ্রামটি সম্প্রসারিত করার প্রস্তাব করছেন যাতে আরো বেশি শিল্পকে আরো বেশি প্রশিক্ষণ বিকল্প প্রদান করা যায় নিবেদিত প্রশিক্ষণ-ঘর সহ নিয়োগকর্তাদের অনুমোদিত প্রশিক্ষণ প্রদানে ইন-হাউজ বিশেষজ্ঞের সাহায্য নিতে দিয়ে, এবং অতিরিক্ত উচ্চ-প্রযুক্তি শিল্পে ইন্টার্নশিপ সুযোগের জন্য ETIP কর ক্রেডিট সম্প্রসারিত করে।

EO 183 কে আইনে পরিণত করে কর্মীদের ইউনিয়ন -বাস্টিং (Union-Busting) কর্মকাণ্ড থেকে রক্ষা করা এবং স্থানীয় সরকারের প্রতি এর সুরক্ষা সম্প্রসারিত করাঃ নিউ ইয়র্ক স্টেটে ইউনিয়ন কর্মীদের একটি দীর্ঘ ও স্বতন্ত্র ইতিহাস রয়েছে। এই বছর, গভর্নর কুওমো ইউনিয়নগুলির প্রতি তার সমর্থন অগ্রসর করতে থাকবেন এমন একটি আইনের সূত্রপাত করে যা শুধু EO 183 কেই আইনে পরিণত করে না, বরং এর সুরক্ষা স্থানীয় সরকার পর্যন্ত বৃদ্ধি করে যাতে নিশ্চিত হয় যে আরো বেশি ইউনিয়ন কর্মী সুরক্ষিত থাকবে।

বেতন চুরির অপরাধের জরিমানা বৃদ্ধি করাঃ নিয়োগকর্তা যারা জেনেশুনে বা ইচ্ছাকৃতভাবে বেত চুরির নিয়মভঙ্গ করে তাদের অপরাধ জরিমানা বৃদ্ধি করতে এবং অন্য চুরির কাছাকাছি বিন্যস্ত করতে গভর্নর কুওমো আইন অগ্রসর করবেন।

সাশ্রয়ী আবাসন সহজলভ্য করা

বাড়িভাড়া নিয়ম জোরদার করতে ঐতিহাসিক আইন প্রণয়ন করাঃ এই বছর, গভর্নর প্রস্তাব দিচ্ছেন আগ্রাসী বাড়িভাড়া নিয়ম সংশোধনের, যার মধ্যে ভ্যাকেন্সি ডিকন্ট্রোল, পক্ষপাতমূলক বাড়িভাড়া দূর করো, এবং ভবন ও অ্যাপার্টমেন্ট উন্নয়ন চার্জ সীমাবদ্ধ করা অন্তর্ভুক্ত থাকবে। এই পরিবর্তনগুলি বাড়িভাড়া নিয়ন্ত্রিত আবাসন স্টক রক্ষা করবে, সাশ্রয়ী আবাসন পেতে ভাড়াটিয়ার অধিকার জোরদার করবে, এবং নিউ ইয়র্কবাসীদের জন্য নিরাপদ, সাশ্রয়ী, মানসম্পন্ন আবাসন নিশ্চিত করবে।

আবাসনের বাঁধা দূর করতে নিরাপত্তা আমানত সীমাবদ্ধ করাঃ পুরো নিউ ইয়র্কে নিরাপত্তা জামানত সর্বোচ্চ এক মাসের ভাড়া করার জন্য গভর্নর কুওমো আইন প্রস্তাব করবেন, এর ফলে নিউ ইয়র্কের নিরাপত্তা জামানত সীমা জাতির মধ্যে সর্বাধিক জোরদার হবে। এই আইনের ফলে নতুন থাকার জায়গা খুঁজছে এমন কারো জন্য বোঝাস্বরূপ নিরাপত্তা জামানত আর প্রতিবন্ধকতা হয়ে থাকবে না।

পরিবারগুলিকে ক্রেডিট গঠনে সাহায্য করা এবং হোলিস্টিক্যালি ক্রেডিট স্কোর মূল্যায়ন করাঃ নিউ ইয়র্ক স্টেটে, অধিকাংশ বাড়ির মালিক সম্ভাব্য ভাড়াটিয়ার পুরোনো ক্রেডিট পরীক্ষা করে দেখে, যার ফলে অনেক ক্ষেত্রেই কম ক্রেডিট স্কোরের বা অপর্যাপ্ত ক্রেডিট ইতিহাসসহ আবেদনকারীকে প্রত্যাখ্যান করা হয়। নিউ ইয়র্কবাসী যাতে সাশ্রয়ী, ভালোমানের আবাসন পাওয়ার ন্যায্য সুযোগ পায় তা নিশ্চিত করতে, গভর্নর কুওমো নিয়ম করে দিবেন যাতে স্টেটের-অর্থায়িত আবাসন অপারেটররা দুর্বল ক্রেডিট বা দেউলিয়া হওয়ার ইতিহাসসহ আবেদনকারীকে সরাসরি বাতিল করতে না পারে। বরং, স্টেটকে সব সম্ভাব্য ভাড়াটিয়া এবং বাড়ির মালিকদের হোলিস্টিক্যালি মূল্যায়ন করতে হবে তাদের ক্রেডিট ইতিহাসের পেছনের পরিস্থিতি ও আগামীতে তাদের ভাড়া দেওয়ার ক্ষমতা নির্ণয় করার জন্য।

সবার জন্য ন্যায্য আবাসন নিশ্চিত করতে আয়ের উৎস সুরক্ষা প্রণয়নঃ নিউ ইয়র্ক স্টেটের কিছু কিছু অংশে, বাড়ির মালিকেরা আবেদনকারীর বৈধ আয়ের উৎসের উপর ভিত্তি করে তাদের আবেদন বাতিল করে, এর ফলে বেতন-হীন আয়ের বা আয়ের সহায়তার উপর নির্ভরশীল পরিবারগুলি এবং যারা তাদের পরিবারের আবাসনের জন্য ভাউচার ব্যবহার করে তারা সামঞ্জস্যহীনভাবে ক্ষতিগ্রস্ত হয়। গভর্নর নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার আইন (New York State Human Rights Law) সংশোধনে বিধানসভার সাথে কাজ করবেন যার ফলে পুরো স্টেটে বৈধ আয়ের উৎসের উপর ভিত্তি করে বৈষম্য নিষিদ্ধ করা হবে এটি নিশ্চিত করার জন্য যে বৈধ আয় যেনো আবাসনের প্রতিবন্ধকতা না হয়ে দাঁড়ায়, নিউ ইয়র্কের অর্থনৈতিকভাবে সব থেকে দুঃস্থ মানুষদের আর্থিক স্থায়িত্বের অভাব হ্রাস করবে।

দারিদ্র্যের সাথে লড়াই

ESPRI কমিউনিটিসমূহকে সমর্থন এবং REDC কর্মশক্তি বিকাশ কমিটিতে ESPRI প্রতিনিধিত্ব বৃদ্ধিঃ 2016 সালে, গভর্নর কুওমো দারিদ্র্যের সাথে লড়াই করতে এবং অসমতা হ্রাস করতে এম্পায়ার স্টেট দারিদ্র্য হ্রাস উদ্যোগ (Empire State Poverty Reduction Initiative, ESPRI) গ্রহণ করেন। গভর্নরের দারিদ্র্য বিমুখী এজেন্ডার একটি গুরুত্বপূর্ণ উপাদান হল ESPRI, এবং এই বছর গভর্নর কুওমো প্রস্তাব করছেন যে দারিদ্র্য দূরীকরণে এইসব স্টেট ও স্থানীয় অংশীদারিত্বের সাফল্যের উপর ভিত্তি করে ESPRI-এর অব্যাহত অর্থায়নের মাধ্যমে আরো কমিউনিটি ভিত্তিক প্রচেষ্টা সমর্থন করে তা বাড়ানো হোক। এছাড়াও গভর্নর কুওমো REDC-এর প্রচেষ্টা এবং অর্থনৈতিক বিকাশ কমিউনিটিকে সমর্থন করে যাবেন স্থানীয় দারিদ্র্য বিমুখী প্রচেষ্টায় তাদের অঙ্গীকার দৃঢ় ও বিস্তৃত করার জন্য এবং তিনি এটি নিশ্চিত করবেন যে একজন ESPRI প্রতিনিধি থাকবেন প্রতি অঞ্চলের কর্মশক্তি বিকাশ কমিটিতে অন্তর্ভুক্ত থাকবেন এবং গভর্নরের নতুন কর্মশক্তি বিকাশ উদ্যোগের রিভিউ প্রক্রিয়ায় জড়িত থাকবেন।

ক্ষুধা ও খাদ্য অনিরাপত্তা হ্রাসঃ খাদ্য অনিরাপত্তার সাথে লড়াই করতে ঐতিহাসিক বিনিয়োগের সংযোজনে, গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেটে পারিবারিক খাদ্য অনিরাপত্তা 2024 সালের মধ্যে 10 শতাংশ হ্রাস করার লক্ষ্য স্থাপন করেছেন। এই লক্ষ্য অর্জনের জন্য, গভর্নর কুওমো এই পদক্ষেপগুলি পরিচালনা করছেন: একটি খাদ্য ও ক্ষুধা-মুক্তি পলিসি সমন্বয়কারী তৈরি; বয়স্ক ও অক্ষম প্রাপ্তবয়স্কদের জন্য SNAP পাওয়া সহজ করা; ক্লিনিক্যাল সেটিংে সংস্থান ও রেফারেল উন্নত করা; অনলাইনে SNAP কেনার পাইলটে অংশগ্রহণ করা; এবং কেন্দ্রীয় ব্রুকলিনে খাদ্য লভ্যতা বৃদ্ধি করা।

গ্রামীণ ও কৃষিভিত্তিক অর্থনীতি সমর্থন করা

মহান নিউ ইয়র্কের স্টেট ফেয়ারগ্রাউন্ড পুনরুজ্জীবন অব্যাহত রাখাঃ স্টেটের ফেয়ার কেন্দ্রীয় নিউ ইয়র্কে এক বছরে 100 মিলিয়ন মার্কিন ডলারের কর্মকাণ্ড চালিত করে এবং হাজার হাজার কর্মসংস্থান করে। গভর্নর কুওমোর নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট গত তিন বছরে নিউ ইয়র্ক স্টেটের ফেয়ারগ্রাউন্ড পুনরায় গঠন করতে দুইটি পর্যায়ে 120 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে। স্টেটের ফেয়ারগ্রাউন্ডের এই রূপান্তর অব্যাহত রাখতে, স্টেট অতিরিক্ত সংস্কার করবে এবং ব্যবহারকারীর অভিজ্ঞতা বাড়াতে বিভিন্ন আপগ্রেড করবে। ফেয়ারগ্রাউন্ডগুলিকে সারা বছরের জন্য একটি গন্তব্যে পরিণত করতে গভর্নরের অঙ্গীকার অবিচল।

নিউ ইয়র্কের চাষীদের সমর্থন করতে মুখ্য প্রোগ্রাম অর্থায়ন করাঃ কৃষি শিল্পটি পরিবর্তনশীলতা ও অনিশ্চয়তায় পূর্ণ। নিউ ইয়র্কের চাষীদের সমর্থন করতে গভর্নরের দৃঢ় অঙ্গীকারের প্রতিফলন হিসেবে, এই বছরের নির্বাহী বাজেট বিশেষায়িত কারিগরি সহায়তা, শিল্প প্রচারণা, এবং পুরো স্টেটে ফার্মগুলির অর্থনৈতিক ও জলবায়ু অসঙ্গতির সম্মুখীন হওয়া হ্রাস করতে গবেষণা বিনিয়োগ অব্যাহত রাখবে।

সামাজিক ন্যায়বিচার

সবার জন্য অপরাধ ন্যায়বিচার অগ্রসর করা

জামিন ও ট্রায়ালপূর্ব ডিটেনশন সংশোধনঃ গভর্নর কুওমো আইন অগ্রসর করছেন যা নগদ জামিন চিরদিনের মতো শেষ করে দিবে, ট্রায়ালপূর্ব কারাগারে রাখা মানুষের সংখ্যা উল্লেখযোগ্য পরিমাণ কমিয়ে দিবে এবং শিকের পিছনে ট্রায়ালের অপেক্ষা করছে এমন মানুষের জন্য সঠিক প্রক্রিয়া নিশ্চিত করবে। এই সংশোধনগুলির মধ্যে থাকবে এটি আবশ্যক করা যে পুলিশ নিম্ন-পর্যায়ের মামলায় গ্রেফতার না করে হাজিরা-টিকেট প্রদান করবে, স্বাধীনতা নির্ণয় করার উপায় হিসাবে টাকার ব্যবহার বন্ধ করবে, এবং একটি নতুন প্রক্রিয়া শুরু করবে যেখানে একজন জেলা অ্যাটর্নি অভিযুক্তকে ট্রায়ালের পূর্বে কারাগারে রাখতে হবে কিনা তা নির্ণয় করার শুনানি এগিয়ে আনতে পারবে, এর জন্য বিচারককে যুক্তিসঙ্গত কারণ দেখাতে হবে যে ব্যক্তি নিজের বা অন্যের জন্য বিপজ্জনক।

সন্ধান প্রক্রিয়ার স্বচ্ছতা উন্নত করাঃ ট্রায়াল শুরু হওয়ার পূর্বে প্রসিকিউটর মৌলিক প্রমাণ লুকিয়ে রাখতে পারে এমন দশটি স্টেটের একটি হিসেবে, গভর্নর কুওমোর পরিকল্পনা হল নিউ ইয়র্কের সন্ধান প্রক্রিয়াকে একবিংশ শতাব্দীর সাথে সঙ্গত করা যেখানে বাদীপক্ষ ও বিবাদীপক্ষ উভয় ট্রায়ালের অনেক আগেই নিজেদের কাছে থাকা সব তথ্য একে অন্যকে জানাবে। বিবাদীপক্ষকে নিজেকে দোষী ঘোষণা করার পূর্বে বাদীপক্ষের কাছে কী প্রমাণ আছে তা দেখে নেওয়ার সুযোগ দেওয়া হবে।

দ্রুত ট্রায়ালের অধিকার নিশ্চিত করাঃ গভর্নর কুওমো এমন আইন প্রণয়ন করবেন যা নিশ্চিত করবে যে কোনো দায়বদ্ধতা ছাড়া অপরাধ মামলা ঝুলিয়ে রাখা হবে না। এই প্রস্তাবের মধ্য দিয়ে, গভর্নর কুওমো নিশ্চিত করবেন যে প্রয়োজনীয় সকল সন্ধান পদ্ধতি যাতে দ্রুত সম্পন্ন করা হয়, এবং যাতে কোনো নিউ ইয়র্কবাসীকে অকারণে কাস্টোডিতে আটক থেকে কোর্টে তার দিনের অপেক্ষা না করতে হয়।

মৃত্যুদণ্ড রদ করাঃ যদিও নিউ ইয়র্কের আপিল কোর্ট (New York Court of Appeals) 2004 সালেই মৃত্যুদণ্ড অসাংবিধানিক ঘোষণা করে, সংবিধি কখনোই পুরোপুরি এই চরম শাস্তিকে দূর করতে পারেনি। এই

প্রভেদ সমাধান করতে, গভর্নর কুওমো একটি আইন প্রণয়ন করবেন যা আইন থেকে চরম শাস্তি স্থায়ীভাবে দূর করে দিবে এবং এটি নিশ্চিত করবে যে নিউ ইয়র্ক স্টেটে এই ড্রেকোনিয়ান শাস্তি আর কখনোই অনুশীলন করা হবে না।

স্টেটের কারাগারে একাকী কারাবাসের (Solitary Confinement) ব্যবহার রূপান্তরিত করাঃ গভর্নর কুওমোর নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেটের কারাগারে অসদাচরণের জন্য একাকী কারাবাসের ব্যবহার নাটকীয়ভাবে সংশোধন ও হ্রাস করেছে। গভর্নর DOCCS কে নির্দেশ দিচ্ছেন পৃথক থাকার সময় কমিয়ে দিয়ে, একটি শাস্তির পর পুনর্বাসন ও একত্রীকরণ এর জন্য নিবেদিত আবাসন ইউনিট তৈরি করা, এবং ইতিবাচক সামাজিক ব্যবহার জোরদার করতে থেরাপিউটিক প্রোগ্রাম সম্প্রসারণ করার মাধ্যমে একাকী কারাবাসের ব্যবহার সংশোধন এর গতি বৃদ্ধি করতে।

সহানুভূতিশীল মুক্তি প্রতিষ্ঠাঃ গভর্নর 55 বছরের বেশি বয়সী সাজাপ্রাপ্ত ব্যক্তির অক্ষমকারী মেডিক্যাল অবস্থার যা তার বয়সের কারণে বৃদ্ধি পেতে পারে তার জন্য একটি সহানুভূতিশীল মুক্তি প্রক্রিয়া স্থাপন করাবেন।

পূর্বে সাজাপ্রাপ্ত ব্যক্তির আউটকাম উন্নতি করার জন্য কম্প্রিহেন্সিভ পুনঃপ্রবেশ প্যাকেজ প্রণয়ন করাঃ গভর্নর কুওমো চার-দফার একটি পরিকল্পনা প্রণয়ন করবেন যাতে সমাজের প্রতি তার দায় মেটানো ব্যক্তির উপর বোঝা কমে যায় এবং তাদের সফল হওয়ার সুযোগ প্রদান করা যায়।

প্রাপ্তবয়স্কদের ভাং (Cannabis) ব্যবহার বৈধ করা

2018 সালে জানুয়ারি মাসে, নিউ ইয়র্কে নিয়ন্ত্রিত ভাং এর সম্ভাব্য প্রভাব রিভিউ করার জন্য একটি বহু-এজেন্সি গবেষণা শুরু করতে গভর্নর কুওমো স্বাস্থ্য অধিদপ্তরকে (Department of Health) নির্দেশ দেন। গত জুলাই মাসে প্রকাশিত এই গবেষণার ফলাফলে দেখা যায় যে নিউ ইয়র্ক স্টেটে নিয়ন্ত্রিত ভাং প্রোগ্রামের ইতিবাচক প্রভাব সম্ভাব্য নেতিবাচক দিকগুলির থেকে বেশি। ব্যাপক বিস্তৃত আউটরিচ ও গবেষণার পর, গভর্নর কুওমো প্রস্তাব করছেন 21 বছরের অধিক বয়সীদের জন্য নিয়ন্ত্রিত ভাং প্রোগ্রাম FY 2020 এ স্থাপন করা হোক যার ফলে জনস্বাস্থ্য রক্ষা পাবে, ভোক্তা নিরাপত্তা প্রদান করবে, জন নিরাপত্তা নিশ্চিত করবে, সামাজিক ন্যায়বিচার দুশ্চিন্তার সমাধান করবে এবং কর রাজস্বতে বিনিয়োগ করবে। বিশেষ করে প্রোগ্রামটি যা করবেঃ

- সাদা নয় এমন কমিউনিটিতে অপরাধের প্রভাব কমানো।
- বিশেষ কিছু ভাং-সংক্রান্ত অপরাধ রেকর্ড স্বয়ংক্রিয়ভাবে সীলমোহর করে দেওয়া।
- জনস্বাস্থ্য সুরক্ষায় মান নিয়ন্ত্রণ ও ভোক্তা প্রতিরক্ষা বাস্তবায়ন করা।
- কাউন্টি ও বড় শহরগুলি অস্বীকার করতে পারে।
- 21 বছরের কম বয়সী কারো জন্য লভ্য হবে না।
- আনুমানিক 300 মিলিয়ন মার্কিন ডলার কর রাজস্ব তৈরি করবে এবং কর্মসংস্থান করবে।

প্রজননসংক্রান্ত ন্যায়বিচার ও নারীদের জন্য সমতা অগ্রসর করবে

প্রজননসংক্রান্ত স্বাস্থ্য আইন (Reproductive Health Act, RHA) ও কম্প্রিহেন্সিভ কন্ট্রাসেপ্টিভ কভারেজ আইন (Comprehensive Contraceptive Coverage Act) পাশ করা ও রো বনাম

ওয়েড (Roe v. Wade) কে নিউ ইয়র্ক স্টেটের সংবিধানে (New York State Constitution) যুক্ত করাঃ গভর্নর কুওমো প্রজননসংক্রান্ত স্বাস্থ্য আইন 2019 বিধানিক অধিবেশনের (2019 Legislative Session) প্রথম 30 দিনের মধ্যে পাশ করানোর জন্য বিধানসভার সাথে কাজ করবেন, রো বনাম ওয়েডের মূলনীতিকে স্টেট আইনে কোডিফাই করবেন। এই আইন নিশ্চিত করবে যে মানুষ তাদের জীবনের পাশাপাশি স্বাস্থ্য সুরক্ষায়ও ব্যক্তিগত স্বাস্থ্যসেবা সিদ্ধান্ত নিজে নেওয়ার অধিকার পাবে, এবং নিশ্চিত করবে যে স্বাস্থ্য সেবা পেশাদাররা শাস্তির ভয় ছাড়াই এইসব অতি জরুরি সেবা প্রদান করতে পারবে। RHA পাশ করানোর মধ্যে দিয়ে, গভর্নর রো বনাম ওয়েডের মূলনীতিকে নিউ ইয়র্ক স্টেটের সংবিধানে অন্তর্ভুক্ত করার সমবর্তী সমাধানের দিকেও অগ্রসর হবেন। পাশাপাশি, গভর্নর কুওমো জরুরি কনট্রাসেপশন সহ সাশ্রয়ী কনট্রাসেপশন লভ্যতা নিউ ইয়র্ক স্টেটের আইনে কোডিফাই করতে আইন অগ্রসর করবেন কম্প্রিহেন্সিভ কন্ট্রাসেপ্টিভ কভারেজ আইন পাশ করানোর মাধ্যমে।

ইন-ভিট্রো গর্ভনিষেক (In-Vitro Fertilization, IVF) এবং উর্বরতা রক্ষা কভারেজের (Fertility Preservation Coverage) লভ্যতা উন্নত করবেনঃ এই বছর, গভর্নর কুওমো IVF কভারেজ, একইসাথে মেডিক্যালি-প্রয়োজন উর্বরতা রক্ষাকারী সেবা লভ্যতা সম্প্রসারণ করে আইন অগ্রসর করবেন। আইনটি বিশেষ করে বড় গ্রুপ বীমা প্রদানকারীদের জন্য IVF কভার করা আবশ্যক করবে এবং এছাড়াও বড়, ক্ষুদ্র এবং ব্যক্তিগত গ্রুপ বীমা প্রদানকারীদের ক্যান্সার চিকিৎসাসহ বিশেষ স্বাস্থ্য পরিস্থিতির মধ্য দিয়ে যাচ্ছে এমন মহিলাদের এগ-ফ্রিজিং সেবা কভার করা আবশ্যক করবে।

মাতৃকালীন মৃত্যুর হার ও রোগের হার এবং জাতিগত প্রভেদ হ্রাসঃ গভর্নর কুওমোর 2018 সালে প্রতিষ্ঠিত মাতৃকালীন মৃত্যুর হার টাস্কফোর্সের (Maternal Mortality Taskforce) সুপারিশের ভিত্তিতে, গভর্নর নিউ ইয়র্ক স্টেটে মাতৃকালীন মৃত্যুর হার ও জাতিগত প্রভেদ হ্রাস করতে এক গুচ্ছ পলিসি অগ্রসর করবেন, যার মধ্যে রয়েছে এমন একটি শিক্ষা ও প্রশিক্ষণ প্রোগ্রাম তৈরি করা যা পুরো স্টেটের স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে জাতিগত পক্ষপাত হ্রাস করবে, কমিউনিটি স্বাস্থ্য কর্মী প্রোগ্রাম সম্প্রসারিত করবে, পুরো স্টেটে মাতৃকালীন মৃত্যুর হার রিভিউ বোর্ড (Maternal Mortality Review Board) স্থাপনে আইন প্রণয়ন করবেন, মাতৃকালীন মৃত্যুর হার ও রোগের হারের ব্যাপারে প্রায় তাৎক্ষণিক তথ্য প্রদানকারী ডেটা ওয়্যারহাউজ তৈরি যারা টার্গেট করা মানসম্পন্ন উদ্যোগকেও তথ্য প্রদান করবে, জন্মের ঠিক পরেই পোস্টপার্টাম যত্ন সংক্রান্ত বিশেষজ্ঞ ওয়ার্কগ্রুপ তৈরি করবে।

সম অধিকার সংশোধন পাশঃ গভর্নর কুওমো সম অধিকার সংশোধন করে নিউ ইয়র্ক স্টেট সংবিধানের সেকশন 11 আর্টিকেল 1 এ লিঙ্গকে একটি সুরক্ষিত শ্রেণী হিসেবে যোগ করা পাশ করানোর জন্য জোর দিবেন। এই পরিবর্তনের সাথে, নিউ ইয়র্ক স্টেট সংবিধানের 1 নং প্রচ্ছদের নং 11 অনুচ্ছেদ পড়বেঃ কোন মানুষকে এই রাষ্ট্র বা তার মহকুমার আইনের সুবিধা হতে বঞ্চিত করা হবে না। কোনো মানুষকে তাদের জাতি, বর্ণ, লিঙ্গ, ধর্মবিশ্বাস বা ধর্মের প্রেক্ষিতে, কোনো মানুষ বা কোনো ফার্ম, কর্পোরেশন বা প্রতিষ্ঠান, বা রাষ্ট্র বা সংস্থা বা রাষ্ট্রের মহকুমার দ্বারা তার নাগরিক অধিকারের ক্ষেত্রে বৈষম্যের শিকার হবে না।

ঘরোয়া সহিংসতা হতে রক্ষাপ্রাপ্তদের ন্যায়বিচারের আইন (Domestic Violence Survivors Justice Act) পাসঃ গভর্নর কুওমো ঘরোয়া সহিংসতা হতে রক্ষাপ্রাপ্তদের ন্যায়বিচারের আইন পাস ত্বরান্বিত করবেন, যা জেনার আইনের (Jenna's Law) উপর ভিত্তি করে গড়ে তোলা হবে যেন এতে আরো অর্থপূর্ণভাবে কারাদণ্ড হ্রাস থাকে এবং শুধুমাত্র অপব্যবহারকারীদের বিরুদ্ধে ঘটানো অপরাধগুলোই নয়, অপরাধীদের আদেশে ঘটানো অপরাধগুলোও খতিয়ে দেখবে। এ আইন বর্তমান অবরুদ্ধ হতে মুক্তিপ্রাপ্তদের একটা ছোট

অংশকে পুনরায় কারাদণ্ড দেয়া এবং তাদের পূর্ববর্তী নিগ্রহের প্রেক্ষিতে তাদেরকে যথাসময়ের পূর্বে মুক্তি দেয়ার পক্ষে অনুমোদন দিবে।

ধর্ষণের সীমাবদ্ধতার সংবিধি সরিয়ে নেওয়াঃ যখন নিউ ইয়র্ক প্রথম ধাপে ধর্ষণের সীমাবদ্ধতার সংবিধি সরিয়ে নিয়েছিল, দ্বিতীয় এবং তৃতীয় ধাপে একটি পাঁচ-বছর ব্যাপী ধর্ষণের সীমাবদ্ধতার সংবিধি রয়ে গিয়েছিল। অতএব, গভর্নর কুওমো দ্বিতীয় এবং তৃতীয় ধাপে ধর্ষণের সীমাবদ্ধতার সংবিধি সরিয়ে নেওয়ার লক্ষ্যে 2019 সালে আইন প্রয়োগ করবেন।

কর্মক্ষেত্রে হয়রানির বিরুদ্ধে রক্ষণ বৃদ্ধিঃ 2018 সালে জাতির সবচেয়ে বিস্তারিত যৌন হয়রানিমূলক প্যাকেজের উপর গঠিত আইন যা গভর্নর কুওমো স্বাক্ষরিত, তিনি আইনটি এমনভাবে এগিয়ে নিয়ে যাবেন যেন চাকুরীজীবীদের জন্য তাদের নিয়োগকর্তাগণ যে উচ্চ মাত্রা সেট করে রেখেছেন যার দ্বারা তারা তাদের অধীনস্থদের বাধ্য রাখতে পারেন তার মাত্রা কমানো যায়, এবং কর্মীরা যেন তাদের অধিকার জানে, তা নিশ্চিত করার লক্ষ্যে কার্যক্ষেত্রে সকল কর্মীরা যেন যৌন হয়রানির বিরুদ্ধে পোস্ট করে একটি শিক্ষামূলক পোস্টার তৈরি করে তার ব্যবস্থা করবেন।

নিউ ইয়র্কের বেতনের ইকুইটি সংক্রান্ত আইনের আধুনিকীকরণঃ অফিস নেওয়ার পর, গভর্নর কুওমো নিউ ইয়র্কে জেন্ডার পে বৈষম্য দূর করার জন্য কঠোর পদক্ষেপ নিয়েছেন। এ বছর, বেতনের ইতিহাসের উপর নিষেধাজ্ঞা আরোপ করে এ কাজটি কিছু সাধন করবেন। উপরন্তু, গভর্নর আইন এমনভাবে এগিয়ে নিয়ে যাবেন যেন "সমান কাজের সমান বেতন" এর সংজ্ঞাটি সম্প্রসারিত হয় যেখানে জাতি, ঐতিহ্য, লিঙ্গ, এবং অন্যান্য রক্ষিত বৈশিষ্ট্য অনুযায়ী সমান বেতনের প্রয়োজন অনুভব করে, এবং সব ধরণের ধারণক্ষম কাজে সমস্যাটির গুরুত্ব বুঝতে পেরে এর প্রয়োজনীয়তা বিস্তৃত করেন।

যদি আপনি এটা দেখতে পান, আপনি এটা হতে পারবেন 2019—সরকারে মেয়েরাঃ গভর্নর কুওমো তার নতুন গার্লস ইন গভর্নমেন্ট (Girls in Government) পদক্ষেপে রাজনীতিতে মেয়েদের ভূমিকা নিয়ে তাদের শিক্ষা প্রদানের জন্য একটি উপায় তৈরি করতে চান, যা 8 থেকে 12 গ্রেডের মেয়েদেরকে সরকার এবং সর্বজনীন পলিসিতে যুক্ত করতে উৎসাহিত করার জন্য একটি নির্দলীয় প্রোগ্রাম। প্রোগ্রামটি মেয়েদেরকে ওকালতির বিভিন্ন অংশ এবং সর্বজনীন পলিসির সাথে পরিচয় করিয়ে দিবে এবং তরুণীদের সর্বজনীন ব্যাপারগুলো এবং যা তাদের ব্যক্তিগতভাবে এবং কমিউনিটিতে প্রয়োজনীয় এমন বিষয়গুলো শেখাবে। তারা রাষ্ট্রের সরকারের অভ্যন্তরীণ কার্যক্রম এবং নির্বাচিত কর্মকর্তা এবং উচ্চ পদের কর্মীদের সাথে সাক্ষাৎ করবে।

একটি নিরাপদ নিউ ইয়র্ক তৈরি

জীবন রক্ষার জন্য চরম ঝুঁকি সুরক্ষার অর্ডার প্রতিষ্ঠিত করাঃ গভর্নর কুওমো রেড ফ্ল্যাগ বিল (Red Flag Bill) রক্ষা করতে থাকবেন, যা এক্সট্রিম রিস্ক প্রোটেকশন অর্ডার বিল (Extreme Risk Protection Order Bill) নামেও পরিচিত, কোর্ট থেকে সনাক্ত করা ব্যক্তিদের যাদের মধ্যে অন্যকে সত্যিকারভাবে ক্ষতি করার ক্ষমতা আছে তাদেরকে যেকোনো ধরনের অস্ত্র যেমন হাত বন্দুক, রাইফেল, বা শটগান, কেনা, দখল করা, বা কেনা বা দখলের উদ্যোগ নেওয়া থেকে বিরত রাখে। এই আইনটি নিউ ইয়র্কের জাতীয়-সর্বোচ্চ-শক্তির বন্দুক আইনের সংযোজন, এবং এটি পাশ হলে, এটি নিউ ইয়র্ককে যুক্তরাষ্ট্রের প্রথম স্টেট করবে যেখানে স্কুলের শিক্ষক ও প্রশাসন কোর্টের হস্তক্ষেপের দ্বারা স্কুলে গুলিবর্ষণ প্রতিহত করতে পারবে।

ব্যাকগ্রাউন্ড চেক অপেক্ষার সময় বৃদ্ধিঃ গভর্নর কুওমো পূর্বে যারা আগ্নেয়াস্ত্র ক্রয়ের জন্য জাতীয় তাৎক্ষণিক অপরাধ ব্যাকগ্রাউন্ড চেক সিস্টেম (National Instant Criminal Background Check System, NICS) দ্বারা তাৎক্ষণিকভাবে অনুমোদিত না হয় তাদের জন্য একটি 10 দিনের অপেক্ষা সময়কাল স্থাপন করে একটি অগ্রসর আইন প্রতিষ্ঠা করেন।

বাম্প স্টক নিষিদ্ধঃ গভর্নর কুওমো একটি বাম্প স্টকে মালিকানা বা বিক্রির জন্য বর্তমান সংবিধিবদ্ধ সমস্যা বন্ধে আইন প্রয়োগ করবেন। 2017 সালের লাস ভেগাস শ্যুটিংকে সাক্ষী রেখে, বাম্প স্টক আংশিক-স্বয়ংক্রিয় অস্ত্র থেকে শুরু করে মেশিন গান পুনরায় উৎপাদন করা অন্তর্ভুক্ত থাকতে পারে। শিকারি বা খেলোয়াড়দের জন্য বাম্প স্টক কোনো ন্যায্য উদ্দেশ্য সাধন করে না এবং কেবল অনিশ্চিত এবং দ্রুতগতির বন্দুকের গুলি নিশ্চিত করে এবং নিউ ইয়র্কে এর বর্ধমান বিক্রি বৃদ্ধির কোনো প্রয়োজনীয়তা নেই।

নির্যাতিত শিশু আইন (Child Victims Act) পাশ করাঃ উন্নত নির্যাতিত শিশু আইন থাকায়, গভর্নর কুওমো বিল পাশ এবং ন্যায়বিচারের জন্য রক্ষাপ্রাপ্তদের একটি লম্বা বিলম্বিত রাস্তা দেখানোর জন্য কষ্ট করছেন। একজন শিশু যৌন হয়রানিমূলক অপরাধী যেন অতিরিক্ত সময় ধরে অপরাধী হিসেবে চিহ্নিত থাকে, একই সাথে ভিকটিম যেন তাদের বয়স 50 পূর্ণ হওয়ার পূর্বে যেকোনো সময় একটি নাগরিক আইন মামলা শুরু করে, এবং প্রত্যেক রক্ষাপ্রাপ্ত যেন ন্যায়বিচারের সুযোগ পায় তাই যেসব ভিকটিমের পূর্বে সময়ের প্রেক্ষিতে মামলা করার বিষয়টি আটকে ছিল তাদেরকে এক বছরের একটি সুযোগ দেয়া হয়।

বড় যাত্রীবাহী যানবাহনের নিরাপত্তার বিস্তারিত সংশোধনের আইন পাশ করাঃ 2018 সালে স্কোহেরি প্রদেশে এবং 2015 সালে সাফোক প্রদেশে সংশোধিত প্রসারিত আধুনিক লিমোজিন নিয়ে ঘটে যাওয়া ভয়াবহ দুঃখজনক ঘটনা যা প্রত্যেক নিউ ইয়র্কবাসীর মনে ভিকটিম এবং তাদের প্রিয়জনদের জন্য গভীর সহমর্মিতা এবং দুঃখবোধ জাগিয়ে তুলেছে। গভর্নর কুওমো যাত্রীর সুরক্ষায় এবং যারা আইনকে বিদ্রূপ করে তাদেরকে দমনের জন্য অনেকগুলো সংবিধিবদ্ধ সংশোধন প্রস্তাব করেছেন যার মধ্যে রয়েছে লিমোজিনের পুনরায় উৎপাদনের নিবন্ধনের উপর স্পষ্ট নিষেধাজ্ঞা, নিউ ইয়র্কে তাদের কার্যক্রমে বাঁধা প্রদান।

স্পিড ক্যামেরা বসানোঃ 2013 সালে গভর্নর কুওমো যে বিলটিকে আইনে রূপান্তরিত করেছিলেন যা নিউ ইয়র্ক সিটিকে ক্যামেরা প্রযুক্তি ব্যবহার করে উচ্চগতিতে গাড়ি চালানোর আইন অবমাননা রেকর্ড এবং প্রয়োগ করার মাধ্যমে স্কুল জোনের হাইওয়ে নিরাপত্তা অগ্রসর করার অনুমতি দেয়, তা বহাল করতে গভর্নর একটি পুনর্বহাল প্রস্তাব এবং নিউ ইয়র্ক সিটিতে স্পিড ক্যামেরা প্রোগ্রাম সম্প্রসারণের প্রস্তাব করবেন।

গণতান্ত্রিক কার্যাবলীর আইন পাস

বিশ্বব্যাপী অনুপস্থিত ব্যক্তির নির্বাচন অনুমোদন করাঃ গভর্নর কুওমো যেকোনো যোগ্য ভোটারের জন্য অনুপস্থিত ব্যালটের উপলভ্যতা নিশ্চিত করতে সংবিধান সংশোধনের উপর জোর দেবেন, সে অনুপস্থিত ব্যালট যে কারণেই অনুরোধ করা হোক না কেন।

স্টেটব্যাপী অগ্রিম ভোটিং এর ব্যবস্থাকরণঃ এই প্রস্তাবনা অগ্রিম ভোটিংকে বৈদ্যুতিক ভোটিং বইয়ের সাথে সমন্বয় করবে, যার ফলে ভোট গ্রহণ কর্মীদের ভোটের রেকর্ড রাখা এবং ভোটারের পরিচিতি যাচাই এবং নিবন্ধনের অবস্থা দেখা সহজতর হবে।

একই-দিনে নিবন্ধনঃ ভোট দানের ক্ষেত্রে এই সেকেলে কিন্তু কার্যকরী বাধাটিকে অপসারণের জন্য সংবিধান সংস্কারের জন্য গভর্নর কুওমো প্রস্তাব দিচ্ছেন।

স্বয়ংক্রিয় নিবন্ধনঃ আজকে নিউ ইয়র্কবাসীদের এই সুবিধা দেওয়া হয়েছে যে তারা স্টেটের কোনো এজেন্সির সাথে কথাবার্তা চালানোর সময় ভোটের জন্য নিবন্ধন করতে পারবে এবং তাদের অবশ্যই ঐচ্ছিকভাবে নিবন্ধিত হতে চাইতে হবে। বাজেটে এমন একই প্রস্তাবনা থাকবে যা প্রক্রিয়াটিকে উল্টে ফেলবে এবং উপযুক্ত সকল নিউ ইয়র্কবাসীর ভোটার নিবন্ধন করবে যদি না তারা ঐচ্ছিকভাবে নিবন্ধিত হতে না চায়। স্বয়ংক্রিয় ভোটার নিবন্ধন শুধু ভোটার নিবন্ধন ও ভোট দিতে আসা মানুষের সংখ্যাবৃদ্ধিই করবে না, এটি আমাদের গণতান্ত্রিক প্রক্রিয়া জোরদার করবে।

ভোট দানের জন্য নিবন্ধন সহজ করাঃ ভোটার নিবন্ধনকে যথা সম্ভব সহজ করতে, গভর্নর কুওমো প্রস্তাব করছেন যে সব স্বয়ংক্রিয় ভোটার নিবন্ধন প্রক্রিয়া অনলাইনে উপলভ্য হোক, এবং যদি নিউ ইয়র্কবাসীরা চান তাহলে তারা যেন স্টেটের নির্বাচন বোর্ডের (State Board of Elections)ওয়েবসাইট থেকে ভোটার নিবন্ধনের আবেদন করতে পারেন।

নির্বাচনের দিনকে একটি ছুটির দিন বানানোঃ কাজ থেকে ছুটি নিতে না পারা কখনোই ভোটদানের অন্তরায় হওয়া উচিত না। এই কারণে, গভর্নর কুওমো আইন প্রণয়ন করবেন যাতে সব কর্মজীবী নিউ ইয়র্কবাসী যেন অধিকার বলে নির্বাচনের দিন ভোট দানের জন্য সবেতন ছুটি পায়।

আপস্টেট প্রাইমারিতে দুপুরের আগে ভোট প্রদানের বাধা অপসারণঃ গভর্নর কুওমো স্টেটে অসম ব্যালট প্রাপ্তি সমস্যার সমাধান করবেন এটি নিশ্চিত করার মাধ্যমে যে প্রাইমারিতে ভোট দানের সময় আপস্টেটে স্টেটের বাকি অংশের সাথে মিল রেখে একই হবে।

2020 আদমশুমারিতে যেন সব নিউ ইয়র্কবাসীর গণনা হয় তা নিশ্চিতের লড়াইঃ 2019 সালে গভর্নর কুওমো 2020 সালের আদমশুমারির সততা এবং সকল নিউ ইয়র্কবাসীর গণনা নিশ্চিত করতে একটি সর্বাঙ্গীণ ক্যাম্পেইন শুরু করবেন।

নীতিশাস্ত্র সংস্কারকরণ

ক্যাম্পেইনের অর্থনীতি সংস্কারকরণঃ গভর্নর কুওমো ক্যাম্পেইনের অর্থনীতি সংস্কারের একটি সর্বাঙ্গীণ প্যাকেজ আইন প্রণয়নের চেষ্টা করবেন যা রাজনীতিতে কালো টাকার এই অভূতপূর্ব প্রভাব মোকাবেলা করবে এবং নিউ ইয়র্কবাসীদের কণ্ঠস্বরকে জোরদার করবে।

- **জনসাধারণের অর্থে নির্বাচনের খরচ বহনঃ** বর্তমান ক্যাম্পেইন অর্থনীতি সিস্টেমে সাধারণ দানকারীদের উপর ফোকাস করতে উৎসাহিত করার জন্য এমন কোনো প্ররোচনা নেই। বৃহৎ দানকারীগণ অনেক বিরাট অঙ্কের টাকা দান করে যার নিচে সাধারণ মানুষের দাবী চাপা পড়ে যায়। এই সমস্যার সমাধান হোল জনসাধারণের অর্থে ক্যাম্পেইনের খরচ বহন। ছোট ছোট অনুদানের সাথে 6:1 জনসাধারণের প্রদত্ত অর্থ অনুপাত মেলানোর মাধ্যমে প্রার্থীগণ ছোট ছোট অনুদানের প্রতি ফোকাস করতে প্ররোচিত হবেন।

- **ক্যাম্পেইনে অনুদানের সীমা কমানোঃ** গভর্নর কুওমো সব প্রার্থীর জন্য ক্যাম্পেইনে অনুদানের সীমা কমানোর প্রস্তাব দিচ্ছেন। এই সংস্কারগুলি প্রয়োগের মাধ্যমে এবং একটি শক্তিশালী পাবলিক ফাইন্যান্সিং সিস্টেম তৈরির মাধ্যমে নিউ ইয়র্ক রাজনীতিতে টাকার প্রভাবকে নাটকীয়ভাবে কমিয়ে আনবে এবং জনগণের জন্য জনগণের মাধ্যমে তৈরি একটি সরকার ব্যবস্থায় ফিরে যাবে।
- **কর্পোরেট অনুদান নিষিদ্ধকরণ এবং এলএলসি লুপহোল সম্পূর্ণরূপে বন্ধ করাঃ** 2010 সালের সিটিজেনস ইউনাইটেড সিদ্ধান্তের পর থেকে কর্পোরেট টাকা আমাদের নির্বাচন ব্যবস্থাকে জর্জরিত করে ফেলেছে। এখন সময় হয়েছে নিউ ইয়র্ক স্টেটের এই অবস্থার বিহিত করার। সব ধরনের কর্পোরেট এবং এলএলসি অনুদান নিষিদ্ধ করার মাধ্যমে গভর্নর কুওমো এই সমস্যার সমাধান চিরতরের জন্য করবেন। কালো টাকা আর বিশেষ স্বার্থান্বেষী দাতাদের কাছ থেকে ক্ষমতা কেড়ে নিয়ে জনগণের কাছে ক্ষমতা ফিরিয়ে দেওয়ার সময় হয়েছে।
- **প্রকাশ আইন (Disclosure Law) জোরদার করা যা রাজনীতিতে কালো টাকার প্রবেশ প্রকাশ করেঃ** সিটিজেনস ইউনাইটেড বনাম ফেডারেল ইলেকশন কমিশন, 558 U.S. 310 (2010) এর প্রভাব নিরসনে 2016 সালের জুন মাসে, গভর্নর কুওমো নীতিশাস্ত্র সংস্কার আইনের প্রস্তাব করেন। গভর্নর রাজনীতিতে কালো টাকার উপস্থিতি সম্পর্কে সতর্ক করেন এবং কথা দেন "প্রকাশ প্রয়োজনীয়তাকে জোরদার করা এবং দলসমূহকে তাদের উপর থেকে যেকোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের পরিচয় প্রকাশ করতে বাধ্য করা হবে।" 2016 সালের আগস্ট মাসে, গভর্নর কুওমো নিউ ইয়র্ক নির্বাহী আইন § 172 (New York Executive Law § 172) এ স্বাক্ষর করে তা আইনে পরিণত করেন, যা অনুযায়ী এমন সব রাজনৈতিক সম্পর্ক বা আচরণ প্রকাশ করতে যা সাধারণত প্রভাবমূলক বলে পরিগণিত হয় কিন্তু যা লোকচক্ষুর আড়ালে সম্পাদিত হয়। এখন, 2018 সালের নির্বাচনের ফলাফল থেকে নেওয়া শিক্ষা অনুযায়ী, গভর্নর কুওমো এই আইনটিকে বিভিন্ন দিক থেকে জোরদার করার প্রস্তাব করেছেন যাতে নিউ ইয়র্কবাসীরা তাদের রাজনীতিবিদদের পেছনে কলকাঠি নাড়া শক্তিগুলো সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্যগুলি জানতে পারে। উপরন্তু, গভর্নর 501(c)(3) এবং 501(c)(4) প্রতিষ্ঠানসমূহের জন্য রিপোর্ট করার প্রক্রিয়া স্ট্রিমলাইন করার চেষ্টা করছেন, যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে প্রতিষ্ঠানগুলোর জন্য রিপোর্টের সময়কাল শুরুর আগে একটি সংবিধিবদ্ধ অব্যাহতির আবেদন করার মেকানিজম সরবরাহ করা।

স্থানীয় নির্বাচিত প্রতিনিধিদের জন্য আর্থিক অবস্থার প্রকাশঃ এই প্রস্তাবনা অনুযায়ী স্থানীয় নির্বাচিত প্রতিনিধিদের তাদের সাধারণ আর্থিক অবস্থা সংক্রান্ত কাগজপত্র জয়েন্ট কমিশন অন পাবলিক এথিকস (Joint Commission on Public Ethics, JCOPE) এর কাছে জমা দিতে হবে, ঠিক যেমনটি স্টেটের নির্বাচিত প্রতিনিধিদের করতে হয়, যাতে নিউ ইয়র্কবাসীদের কাছে সেই সব ব্যক্তিদের সম্পর্কে তথ্য থাকে যাদেরকে তারা সরকারের সব পর্যায়ে তাদের প্রতিনিধিত্ব করার জন্য নির্বাচিত করার সিদ্ধান্ত নেয়।

অর্থনৈতিক বিকাশ সংক্রান্ত প্রকল্পগুলির একটি প্রগতিশীল, ইউজার-ফ্রেন্ডলি ডাটাবেজ তৈরিঃ স্বচ্ছতা বৃদ্ধি করতে এবং স্টেটের অর্থনৈতিক বিকাশ পরিকল্পনাগুলো সম্পর্কে উপলভ্য তথ্যকে আধুনিকায়ন করতে, গভর্নর এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) কে নির্দেশনা দিয়েছেন একটি সার্চেবল অনলাইন ডাটাবেজ তৈরি এবং হোস্ট করতে যা জনগণকে ESD এর সুবিধাপ্রাপ্ত প্রকল্পগুলি সম্পর্কে সাম্প্রতিক এবং প্রয়োজনীয় তথ্যের যোগান দেবে। চালু হওয়ার পর, এই ডাটাবেজটি জনগণকে প্রকল্পগুলি

সম্পর্কে সাম্প্রতিক তথ্য জানাতে এবং অনেক স্থবির, প্রোগ্রাম-ভিত্তিক রিপোর্টের থেকে প্রাপ্ত তথ্যকে একটি প্রগতিশীল, ইউজার-ফ্রেন্ডলি ওয়েবসাইটে একত্রিত করবে।

অভিবাসীদের অধিকার নিশ্চিতকরণ

হোজে পেরাল্টা DREAM অ্যাক্ট পাসঃ গভর্নর কুওমো সিনেটর হোজে আর. পেরাল্টা DREAM অ্যাক্ট পাস করবেন যা হাজার হাজার নিউ ইয়র্কবাসীর জন্য অবশেষে উচ্চশিক্ষার দুয়ার খুলে দেবে। সিনেটর হোজে আর. পেরাল্টা DREAM অ্যাক্ট নিউ ইয়র্কের আনডকুমেন্টেড শিক্ষার্থীদের টিউশন অ্যাসিস্টেন্স প্রোগ্রাম (Tuition Assistance Program) এবং স্টেটের দেওয়া বিভিন্ন বৃত্তি লাভের সুযোগ করে দেবে যে সুবিধাদিতে তাদের নাগরিক সহপাঠীদের মত তাদেরও অধিকার রয়েছে।

স্টেট এজেন্সি সমূহকে অভিবাসী স্ট্যাটাস (Immigration Status) সম্পর্কে খোঁজ নেওয়ায় বাধাদান করে নির্বাহী আদেশ কোডিফাই করাঃ 2017 সালে, গভর্নর কুওমো নির্বাহী আদেশ 170 (Executive Order 170) জারী করেন যা স্টেট এজেন্সি এবং কর্মকর্তাদের একজন ব্যক্তির অভিবাসী স্ট্যাটাস সম্পর্কে জানতে চাওয়া বা প্রকাশকে বাধাদান করে, যদি না আইনতভাবে তা প্রয়োজনীয় হয় অথবা কোন সুবিধা বা সেবার যোগ্যতা নির্ণয়ে তা দরকার হয়। নির্বাহী আদেশে আরও সংশোধনী যোগ করে, গভর্নর কুওমো সংশোধনী EO 170 তে দেওয়া সুরক্ষাগুলিকে আইনে পরিণত করার প্রস্তাব দিচ্ছেন।

এলজিবিটিকিউ অধিকার সুরক্ষা

জেন্ডার আইডেন্টিটি অ্যান্ড এক্সপ্রেশন নন-ডিস্ক্রিমিনেশন আইন (Gender Identity and Expression Non-Discrimination Act, GENDA) পাসঃ গভর্নর কুওমো জেন্ডার আইডেন্টিটি অ্যান্ড এক্সপ্রেশন নন-ডিস্ক্রিমিনেশন আইন সমর্থন করেন, যা লিঙ্গ পরিচয়ের ভিত্তিতে পক্ষপাতমূলক আচরণ, হয়রানী এবং ঘৃণামূলক অপরাধ থেকে জনসাধারণকে রক্ষা করে।

রূপান্তর থেরাপি নিষিদ্ধ করা: আঠার বছরের কম বয়সী একজন রোগীর সাথে রূপান্তর থেরাপিতে অংশগ্রহণ করতে একজনের নির্দেশনায় বা পর্যবেক্ষণে কাউকে জড়িত করা, তার জন্য বিজ্ঞাপন করা বা তাকে অনুমতি দেয়ার মতো বিষয়গুলো অন্তর্ভুক্ত করতে শিক্ষা আইনের অধীনে লাইসেন্সকৃত পেশাগুলোর জন্য পেশাগত অসদাচরণের সংজ্ঞাকে সম্প্রসারিত করার জন্য গভর্নর কুওমো প্রণীত আইনসমূহকে সমর্থন করেন।

"সমকামী ত্রাস" প্রতিরক্ষা নিষিদ্ধ করা: সমকামী ও হিজড়া আতঙ্ক প্রতিরোধ আইন নিষিদ্ধ করার জন্য আইন পাস করার মাধ্যমে গভর্নর কুওমো আবারও নিউ ইয়র্ক স্টেটে আইনের ফাঁকফোঁকরগুলো বন্ধ করার প্রতি জোর দেবেন।

নিউ ইয়র্ক স্টেটে প্রতিনিধিত্ব বৈধ করা: নিউ ইয়র্ক স্টেটের আইন বর্তমানে প্রতিনিধিত্বমূলক গর্ভধারণের রীতি নিষিদ্ধ করে এবং কৃত্রিম প্রজনন বা ডিম্বাণু দানের মতো অন্যান্য প্রজনন প্রযুক্তির মাধ্যমে একটি সন্তান গর্ভে ধারণ করা হলে তার আইনসম্মত পিতা-মাতা কারা হবেন সে সম্পর্কে অস্থিতিশীল অনিশ্চয়তা তৈরি করে। গর্ভ বাহক চুক্তির অনুমতি দেয়ার জন্য প্রতিনিধি চুক্তি সম্পর্কে নিষেধাজ্ঞা তুলে নিতে গভর্নর আইন প্রণয়নের প্রস্তাব করছেন।

আমাদের সাবেক সৈন্যদের সেবাদান

হিজড়া সৈন্যবাহিনীর জন্য সহায়তা: যৌন অভিযোজন বা লিঙ্গ পরিচয় নির্বিশেষে নিউ ইয়র্ক সব সাবেক সৈন্যবাহিনীর পাশে দাঁড়াবে। এই বছরে, সাবেক LGBTQ সৈন্যদের সবচেয়ে ভালোভাবে কিভাবে সেবা দেয়া যায় তা বুঝতে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক ডিভিশন অব ভেটেরান্স অ্যাফেয়ার্স (New York State Division of Veterans' Affairs) এর সব কর্মী LGBTQ সাংস্কৃতিক দক্ষতা বিষয়ে প্রশিক্ষণ পাবেন। এছাড়াও প্রত্যেক সাবেক LGBTQ সৈন্য একটি নিরাপদ ও সহায়ক পরিবেশে স্বতন্ত্র সহায়তা পান তা নিশ্চিত করার জন্য DVA LGBTQ-ভিত্তিক প্রতিষ্ঠানের সাথে কাজ করবে, এর মধ্যে অন্তর্ভুক্ত সাবেক LGBTQ সৈন্যদের তাদের সার্ভিস ডিসচার্জ আপগ্রেড করতে সহায়তা করা যাতে এই সাহসী সাবেক সৈন্যগণ স্বাস্থ্যসেবা, শিক্ষা, আর্থিক ক্ষতিপূরণ ও তাদের অর্জিত অন্যান্য সুবিধাদির সুযোগ পেতে সক্ষম হন।

সব নিউ ইয়র্কবাসীর জন্য ন্যায়বিচার

সাধ্যের মধ্যে মানসম্পন্ন স্বাস্থ্যসেবা রক্ষা করা:

নিউ ইয়র্কবাসীদের জন্য স্বাস্থ্য সেবা সুরক্ষা ও কভারেজ গ্যারান্টি বিধিবদ্ধ করা: ACA এর উপর চলমান ফেডারেল আক্রমণের আলোকে, গভর্নর কুওমো বিশ্বাস করেন এটি অপরিহার্য যে স্টেটের আইনে স্টেটের উন্নত নিয়ন্ত্রণমূলক সুরক্ষা ব্যবস্থার পাশাপাশি স্টেটের স্বাস্থ্য বিমা বাজার সহ নিউ ইয়র্ক প্রধান ACA বিধানসমূহ বিধিবদ্ধ করবে। স্বাস্থ্য বিমা বাজারকে স্থিতিশীল করা এবং স্বাস্থ্য সেবা ব্যবস্থায় যেকোনো পরবর্তী ফেডারেল আক্রমণ থেকে নিউ ইয়র্ককে রক্ষা করা গুরুত্বপূর্ণ।

স্বাস্থ্যসেবায় সর্বজনীন প্রবেশাধিকার অর্জনের জন্য পদক্ষেপ নেয়া: নিউ ইয়র্কে উচ্চ-মানের, সাশ্রয়ী স্বাস্থ্য সেবায় সর্বজনীন প্রবেশাধিকার অর্জনের জন্য বিভিন্ন বিকল্প তৈরি করতে গভর্নর কুওমো সর্বজনীন স্বাস্থ্য সেবার ব্যাপারে একটি কমিশন প্রতিষ্ঠা করছেন যা স্বাস্থ্য বিভাগ (Department of Health) ও আর্থিক সেবা বিভাগ (Department of Financial Services) কর্তৃক সমর্থিত এবং স্বাস্থ্য পলিসি ও বিমা বিশেষজ্ঞদের নিয়ে গঠিত। নিউ ইয়র্কের বাণিজ্যিক বিমা বাজারকে শক্তিশালী করা, বর্তমানে আওতাভুক্ত হওয়ার অনুপযুক্ত বা সামর্থ্য রাখেন না এমন লোকদের অন্তর্ভুক্ত করার কর্মসূচিগুলোর সম্প্রসারণ করা এবং সেই সাথে সম্প্রসারিত আওতা সমর্থনের জন্য দক্ষতার উন্নয়ন ও সঞ্চয় উৎপন্ন করতে উদ্ভাবনী অর্থ পরিশোধ মডেল সহ এই পর্যালোচনা প্রক্রিয়া সেবা পাওয়ার সুযোগ সম্প্রসারণের জন্য সব ধরনের বিকল্প বিবেচনা করবে।

আফিমজাতীয় পদার্থের মহামারী বন্ধ করতে যুদ্ধ করা

লুণ্ঠনজীবী রীতি থেকে নিউ ইয়র্কবাসীদের রক্ষা করা: গভর্নর কুওমো এমন আইন প্রণয়ন করবেন যেটাতে 1) স্টেট বহির্ভুত সুবিধাদি তাদের স্বদেশে লাইসেন্সকৃত হতে হবে এবং তা জাতীয়ভাবে স্বীকৃত একটি প্রতিষ্ঠানের দ্বারা প্রত্যয়িত হতে হবে 2) স্টেট বহির্ভুত লুণ্ঠনজীবী সরবরাহকারীগণকে লোকজনকে স্টেটের চিকিৎসা কর্মসূচিগুলোতে অবিলম্বে সংযুক্ত করার জন্য আদালতের সাথে কাজ করার মাধ্যমে এবং স্টেটের আদালতের আদেশকৃত চিকিৎসার সুরক্ষার জন্য আইন প্রণয়ন করার মাধ্যমে লোকজনের সাথে জড়িত ন্যায়বিচারের প্রতি লক্ষ্য করায় বাধা দেয়া। তিনি এছাড়াও বিধিবাধান বাস্তবায়নের জন্য OASAS এর প্রতি নির্দেশ করবেন যাতে স্টেট বহির্ভুত বিপণনকারীদেরকে নিউ ইয়র্ক স্টেটে বিপণন করার সময় OASAS এর

শর্তাবলি মেনে চলতে হবে। এই কাজগুলোর সাথে, নিউ ইয়র্ক এর অধিবাসীদের রক্ষা করতে লুণ্ঠনজীবী চিকিৎসা কর্মসূচিগুলোকে তাদের সুবিধা কোটা পূরণের জন্য অন্য কোথাও দেখার জন্য জোর করার মাধ্যমে দেশে সবচেয়ে শক্তিশালী রীতিনীতি বাস্তবায়ন করবে।

বুপ্রিনরফিনের (Buprenorphine) ব্যবহার বৃদ্ধি করা: ওষুধের সহায়তায় প্রদত্ত চিকিৎসার (Medication Assisted Treatment, MAT) ক্ষেত্রে বুপ্রিনরফিন একটি গুরুত্বপূর্ণ অগ্রগতি যেটি মিথাডোন (methadone) এবং ইঞ্জেকশন নালট্রাক্সোনের (naltrexone) মতো এবং আফিমজাতীয় পদার্থ ব্যবহারজনিত সমস্যা থেকে নিরাময় পেতে লোকজনকে সাহায্য করার ক্ষেত্রে উপযুক্ত হিসেবে কাউন্সেলিং এর পাশাপাশি সমন্বিতভাবে ব্যবহার করা হয়। বুপ্রিনরফিনের ব্যবহার বৃদ্ধি করতে, গভর্নর কুওমো স্বাস্থ্য বিভাগকে (Department of Health, DOH) নির্দেশনা দিবেন যেন চিকিৎসার আদর্শ সেবা বা চিকিৎসার জন্য রেফারেলের ভিত্তিতে আফিমজাতীয় পদার্থ ব্যবহারজনিত সমস্যা সমাধানের লক্ষ্যে স্টেটব্যাপী সব হাসপাতালে তাদের জরুরি বিভাগের জন্য চিকিৎসাবিধি তৈরি আবশ্যক করা হয়।

ফৌজদারি বিচার ব্যবস্থায় ওষুধের সহায়তায় প্রদত্ত চিকিৎসার সুযোগ বৃদ্ধি করা: কারাগার ও বন্দীশালায় চিকিৎসার সুযোগ বৃদ্ধি করতে, গভর্নর কুওমো OASAS কে নির্দেশনা দিয়েছেন 50 টির বেশি প্রতিষ্ঠানে আসক্তির চিকিৎসা সেবায় সহায়তার জন্য 4 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশ বিতরণ করতে। তাছাড়া, গভর্নর কুওমো স্টেটের কারাগারে সর্বোচ্চ তিনটি নতুন MAT কর্মসূচি প্রতিষ্ঠায় সহায়তার জন্য 1.2 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের মাধ্যমে ওষুধের সহায়তায় প্রদত্ত চিকিৎসা সুবিধা পাওয়ার সুযোগ বৃদ্ধি করবেন।

নালোক্সোনের (Naloxone) ব্যবহার বৃদ্ধি করা: গভর্নর কুওমো DOH-কে এমন আইন প্রণয়নের নির্দেশনা দিবেন যেটি রেস্তোরাঁ, বার ও অন্যান্য খুচরো বিক্রয় প্রতিষ্ঠানের কর্মীদের প্রতি প্রয়োগের জন্য গুড সামারিটান (Good Samaritan) আইনকে সম্প্রসারিত করে। তাছাড়া, প্রত্যেক আস্তানায় ফার্স্ট এইড কিটের অংশ হিসেবে নালোক্সোন প্রদান করা হয় বা প্রত্যেকে SUNY ও CUNY আস্তানায় প্রতি রাতে কর্তব্যরত অধিবাসী সহযোগীর জন্য উপলভ্য থাকে তা নিশ্চিত করার মাধ্যমে গভর্নর কুওমো SUNY ও CUNY-তে নালোক্সোনের ব্যবহার বৃদ্ধি করবেন।

স্কুলসমূহের জন্য একটি ব্যাপক মাদক ব্যবহার প্রতিরোধের নীলনকশা চালু করা: গভর্নর কুওমোর নির্দেশনায়, নিউ ইয়র্ক স্টেট সব ধরনের প্রতিরোধ সংস্থানকে একই প্রবাহে আনতে এবং একটি বিশেষ "প্রতিরোধ নীলনকশায়" মাদক ব্যবহার প্রতিরোধের উত্তম রীতিনীতি, আদর্শ ও মানদণ্ড তৈরি করতে স্টেটব্যাপী একটি সহযোগিতা চালু করবে যেটি স্কুলগুলোকে প্রতিরোধের একটি পূর্ণাঙ্গ, প্রমাণ-ভিত্তিক ও উপাত্ত-চালিত পদ্ধতি অনুসরণে সহায়তা করবে। 2020-21 স্কুল বর্ষে ব্যবহারের জন্য প্রতিরোধমূলক নীলনকশা তৈরির জন্য OASAS স্টেট শিক্ষা বিভাগ (State Education Department), স্বাস্থ্য বিভাগ ও মানসিক স্বাস্থ্য কার্যালয় (Office of Mental Health) সাথে সহযোগিতামূলক কাজ করবে।

সুস্থ কমিউনিটি তৈরি করা

বিষাক্ত রাসায়নিকের অজানা প্রবেশ থেকে নিউ ইয়র্কবাসীদের রক্ষা করা: লেবেল লাগাতে হবে এমন 1,000 এরও বেশি ক্যান্সার সৃষ্টিকারী পদার্থ ও অন্যান্য রাসায়নকি পদার্থের তালিকা তৈরি করে এবং নতুন রাজত্বের অধীন হবে এমন ভোগ্য পণ্যের ধরন চিহ্নিত করে গভর্নর কুওমো পরিবেশ সংরক্ষণ বিভাগ

(Department of Environmental Conservation, DEC), স্বাস্থ্য বিভাগ ও স্টেট বিভাগকে (Department of State) কিছু নির্বাচিত পণ্যের মোড়কের গায়ে সম্ভাব্য বিপজ্জনক রাসায়নিকের উপস্থিতি নির্দেশকলেবেল লাগানোর বাধ্যবাধকতা বিষয়ক বিধিবিধান তৈরি করার অনুমোদন দিয়ে নতুন আইন প্রণয়ন করবেন। DEC ও DOH-কে আরও ক্ষমতায়িত করা হবে যাতে প্রস্তুতকারকদের জন্য নিউ ইয়র্ক স্টেটে বিক্রয় বা বিতরণকৃত ভোগ্যপণ্যের রাসায়নিক উপাদান প্রকাশ এবং ভোক্তাদের সুরক্ষার জন্য সম্ভাব্য অতিরিক্ত পদক্ষেপ অনুসন্ধান করা বাধ্যতামূলক করা যায়।

তামাকের স্বাস্থ্য ঝুঁকি নিয়ন্ত্রণ করা: গভর্নর কুওমো তামাক পণ্যের ক্রমবর্ধমান ব্যবহার ঠেকাতে ব্যাপক আইনের প্রস্তাব করছেন। এই আইনের মধ্যে আছে:

- **তামাকজাত ও ইলেকট্রনিক পণ্য বিক্রয়ের ন্যূনতম বয়স 18 থেকে 21 বছর বয়স অবধি বাড়িয়ে দেওয়া:** অধিকাংশ কম বয়সী তরুণ তামাক ও বাষ্পজাত পণ্য পায় 18 বছরের বেশি বয়সী বন্ধুদের কাছ থেকে যারা বৈধভাবে বিভিন্ন পণ্য ক্রয় করতে পারে। ন্যূনতম বয়স বাড়িয়ে দিলে হাই স্কুল থেকে তামাকের উৎস দূর করবে।
- **ফার্মেসিগুলোতে তামাকজাত ও ইলেকট্রনিক সিগারেট পণ্য বিক্রয় বন্ধ করা:** স্বাস্থ্য সেবা সম্পর্কিত সংস্থাগুলোর তামাক বিক্রয়ের ব্যবসায় থাকা উচিত নয়, যে তামাক নিউ ইয়র্ক স্টেটে প্রতিরোধযোগ্য মৃত্যুর প্রধান কারণ। ফার্মেসিগুলোতে তামাক ও ইলেকট্রনিক সিগারেট পণ্য বিক্রয় বন্ধ করলে তামাকের সহজলভ্যতা, দৃষ্টিগোচরতা ও সামাজিক গ্রহণযোগ্যতা কমে যাবে, বিশেষ করে তরুণদের মধ্যে।
- **স্বাস্থ্য বিভাগ কর্তৃপক্ষকে ই-সিগারেটের কিছু স্বাদযুক্ত তরল পদার্থের বিক্রয় নিষিদ্ধ করার কতৃত্ব সম্পর্কে স্পষ্টভাবে ব্যাখ্যা করা:** তরুণদের ধূমপান হ্রাস করতে 2009 সালে FDA কর্তৃক মেন্থল ব্যতীত অন্যান্য স্বাদযুক্ত দাহ্য সিগারেট নিষিদ্ধ করা হয়েছিল কারণ নতুন ধূমপায়ীরা প্রথমদিকে এই পণ্যগুলো খুব বেশি ব্যবহার করছিল। অধিকাংশ ই-সিগারেট ব্যবহারকারী বলেছিল তাদের প্রথম ই-সিগারেট ছিল স্বাদযুক্ত। মিষ্টি অম্ল, টফি ও বাবল গামের মতো স্বাদগুলো ই-সিগারেটকে আরও আকর্ষণীয় করে এবং ই-সিগারেটকে তরুণদের কাছেও আরও আকর্ষণীয় করে তোলে। তরুণদের লক্ষ্য করে এমন কিছু স্বাদযুক্ত তরল পদার্থের বিক্রয় নিষিদ্ধ করতে স্বাস্থ্য বিভাগ কর্তৃপক্ষকে কতৃত্ব প্রদান করার জন্য আইন প্রণয়ন করা হচ্ছে।
- **তামাক ও ইলেকট্রনিক সিগারেট প্রস্তুতকারক ও খুচরা বিক্রেতারা যে ছাড় দেন তা সীমিত করা:** দেশের মধ্যে নিউ ইয়র্কে সিগারেটে সর্বোচ্চ কর রয়েছে, তবে প্রস্তুতকারক ও খুচরা বিক্রেতারা মূল্য হ্রাসের জন্য কৌশল চালু করেছে যেমন "একটি কিনলে একটি বিনামূল্যে" ছাড়। এই কৌশলগুলো তরুণ সহ সরাসরি মূল্য সম্বন্ধে সংবেদনশীল গ্রাহকদের লক্ষ্য করে। তামাক ও বাষ্পজাত পণ্যের ছাড় সীমিত করলে তা নিউ ইয়র্কে তামাকের উপর নির্ধারিত করের প্রভাব বৃদ্ধি করবে এবং তামাকের ব্যবহার অনুৎসাহিত করবে।
- **ই-সিগারেটে কর আরোপ করা:** তামাকজাত পণ্যের মূল্য উচ্চ হলে তামাকের ব্যবহার হ্রাস পায় বা প্রতিহত হয়। তরুণরা বিশেষত তামাকজাত পণ্যের মূল্য বৃদ্ধির প্রতি সংবেদনশীল। দেশের মধ্যে নিউ ইয়র্ক স্টেটের দাহ্য সিগারেটের উপর অন্যতম সর্বোচ্চ কর এবং অন্যতম সর্বনিম্ন তরুণ ধূমপায়ী হার বিদ্যমান। ইলেকট্রনিক সিগারেট ও ই-তরলে করারোপ এবং তরুণদের ব্যবহারেও একই অনুপাত প্রযোজ্য বলে প্রত্যাশা করা হয়।

- **শুধু লাইসেন্সধারী খুচরো বিক্রেতাদের মাধ্যমে ই-সিগারেট বিক্রয় আবশ্যক করা:** বর্তমানে ই-সিগারেট বিক্রয় প্রায় সম্পূর্ণ অনিয়ন্ত্রিত। লাইসেন্সধারী খুচরো বিক্রেতাদের কাছে বিক্রয় সীমিত করলে তা নাবালকরা তামাকজাত পণ্য যাতে না কেনে না নিশ্চিত করতে দেবে বর্তমানে বলবৎকৃত পরিকাঠামোকে।

বয়স্ক নিউ ইয়র্কবাসীদের জন্য কমিউনিটি-ভিত্তিক সহায়তায় বিনিয়োগ করা: গভর্নর কুওমো বয়স্ক নিউ ইয়র্কবাসীদের জন্য কমিউনিটি-ভিত্তিক সহায়তায় 15 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করার প্রস্তাব করেন। NYSOFA এর কর্মসূচি ও পরিষেবায় এই প্রয়োজনীয় টার্গেটকৃত বিনিয়োগ অধিক বয়স্ক ব্যক্তিদের সেবাদানে সাহায্য করবে এবং এটি তাদের স্বতন্ত্রতা বজায় রাখতে, পরিবার ও বন্ধুবান্ধবদের তাদের পরিচর্যা প্রদানকারীর ভূমিকায় সহায়তা করতে এবং ভবিষ্যৎ মেডিকেইডের খরচ বিলম্বে পরিশোধ করতে সাহায্য করবে। স্বাস্থ্য বিভাগের সাথে কাজ করে, NYSOFA এই বিনিয়োগের সাফল্য মূল্যায়নের জন্য কিছু সুনির্দিষ্ট মানদণ্ড নির্ধারণ করবে।

ফ্যামিলি ফার্স্ট ট্রানজিশন ফান্ড (Family First Transition Fund) তৈরি করা: স্টেট বেসরকারী ফাউন্ডেশনের তহবিলের বিনিয়োগ একটি ফ্যামিলি ফার্স্ট ট্রানজিশন তহবিল তৈরি করতে সর্বোচ্চ কাজে লাগাবে যা স্থানীয় সমাজ সেবা অধিদপ্তর ও ফস্টার কেয়ার অ্যাজেন্সিগুলোকে সংস্থান প্রদান করবে যে সংস্থানগুলো ফ্যামিলি ফার্স্ট ফেডারেল আইন (Family First federal legislation) বাস্তবায়নের জন্য প্রস্তুতির কাজে প্রয়োজন হয়। এই বিনিয়োগ নিউ ইয়র্ক স্টেটকে ফ্যামিলি ফার্স্ট বাস্তবায়নের জন্য পর্যাপ্তরূপে প্রস্তুত হওয়ার সুযোগ দেবে এবং নিউ ইয়র্ককে এর সবচেয়ে অসহায় শিশু ও পরিবারগুলোর চাহিদাকে অগ্রাধিকার দেয়া অব্যাহত রাখার সুযোগ করে দেবে এবং নিশ্চিত করবে যে স্থানীয় সমাজ সেবা অধিদপ্তর গুরুত্বপূর্ণ ফেডারেল বেঞ্চমার্ক মেনে এই চাহিদাগুলো পূরণের জন্য সম্পূর্ণভাবে প্রস্তুত।

নিউ ইয়র্কের পরিবেশগত নেতৃত্ব চালিয়ে যাওয়া

সবুজ নতুন চুক্তি (Green New Deal) শুরু করা: পরিবেশের উপর ট্রাম্প সরকারের হামলার মধ্যে এবং নিউ ইয়র্কের জলবায়ু পরিবর্তন সংগ্রামে অগ্রগতি বজায় রাখার উদ্দেশ্যে, গভর্নর কুওমো নিউ ইয়র্কের সবুজ নতুন চুক্তি ঘোষণা করেন যা দেশের শীর্ষস্থানীয় নির্মল শক্তি ও চাকরির এজেন্ডা যেটি নিউ ইয়র্কের অর্থনীতির সব খাতে স্টেটকে কার্বন নিরপেক্ষতায় রাখবে। সরকারের নির্দেশনায়, নিউ ইয়র্ক নিম্ন-মধ্যম আয়ের নিউ ইয়র্কবাসীদের চাহিদাকে অগ্রাধিকার দেয়ার পাশাপাশি অতুলনীয় উদ্ভাবনে তাড়না করতে এবং স্টেটের বিদ্যুৎ, পরিবহন ও অবকাঠামো নির্মাণে রূপান্তর আনতে সুনির্দিষ্ট স্বল্পমেয়াদি পদক্ষেপ ও দীর্ঘমেয়াদী কৌশল বিশিষ্ট এই লক্ষ্য অর্জনের জন্য নির্ভয়ে পদক্ষেপ নেবে। এই বিশিষ্ট উদ্যোগ নিউ ইয়র্কের নির্মল শক্তির অর্থনীতির প্রবৃদ্ধি আরও বাড়াবে, একবিংশ শতাব্দীর উচ্চমানের হাজার হাজার চাকরি সৃষ্টি করবে, ক্ষতিকারক নিঃসরণ হ্রাস করার মাধ্যমে সব নিউ ইয়র্কবাসীকে আরও নির্মল বায়ু ও পানি প্রদান করবে এবং দেশের বাকি অংশ ও বিশ্বের জন্য অনুসরণ করার মতো জলবায়ু নেতৃত্বের একটি দৃষ্টান্ত স্থাপন করবে।

10 বিলিয়ন মার্কিন ডলারের গ্রিন ফিউচার ফান্ড (Green Future Fund) প্রতিষ্ঠা: এই বছর, গভর্নর কুওমো স্বচ্ছ পানির অবকাঠামো, নবায়নযোগ্য শক্তি ও নির্মল পরিবহন এবং খোলা জায়গা ও প্রাকৃতিক স্থানের জন্য সহায়তা করতে 10 বিলিয়ন মার্কিন ডলারের গ্রিন ফিউচার ফান্ড গঠন করবেন। খাবার পানি ও বর্জ্যপানির অবকাঠামোর জন্য মোট 5 বিলিয়ন মার্কিন ডলার—স্বচ্ছ পানির অবকাঠামো আইন (Clean

Water Infrastructure Act) অনুসারে 2.5 বিলিয়ন মার্কিন ডলারের নির্মাণ কাজ এবং পরবর্তী পাঁচ বছরে স্বচ্ছ পানিতে স্টেটের বিনিয়োগ কার্যকরভাবে দ্বিগুণ করা এই তহবিলের অন্তর্ভুক্ত।

ঐতিহাসিক 300 মিলিয়ন মার্কিন ডলারের পরিবেশগত সুরক্ষা তহবিল (Environmental Protection Fund, EPF) চালিয়ে যাওয়া: গভর্নর কুওমো স্টেটের ঐতিহাসিক 300 মিলিয়ন মার্কিন ডলারের EPF চালিয়ে নেয়ার প্রস্তাব দেন। এই বিনিয়োগ নিউ ইয়র্কের জলাধারগুলোর সুরক্ষা প্রদান বিষয়ক কর্মসূচিগুলোকে অগ্রাদিকার দিবে, পার্ক ও স্টেটের অন্যান্য ভূমিতে ন্যস্ত প্রকল্পের উন্নয়ন করবে, পৌর সরোবরগুলো পুনরুজ্জীবিত করবে এবং জলবায়ু পরিবর্তনে কমিউনিটির স্থিতিস্থাপকতা গঠন করবে—এসবের মাধ্যমে চাকরি সৃষ্টি ও স্থানীয় অর্থনীতি উদ্দীপিত হবে।

সর্বাধিক অ্যালকোহল মুক্ত পানীয় অন্তর্ভুক্ত করতে বোতল বিল বৃদ্ধিকরণ: আবর্জনা কমানো এবং বৈশ্বিক পুনঃপ্রক্রিয়াকরণ বাজারে পরিবর্তনের মধ্যে লড়ে যাওয়া অতি ভার অর্পিত পুনঃপ্রক্রিয়াকরণ সংস্থাগুলোর ভার কমাতে, গভর্নর কুওমো স্পোর্ট ড্রিঙ্কস, এনার্জি ড্রিঙ্কস, ফল ও উদ্ভিজ্জ পানীয় ও সরাসরি-খাওয়ার-উপযোগী চা ও কফি সহ সর্বাধিক অ্যালকোহল মুক্ত পানীয়ের বোতল প্রতি 5 সেন্ট ফিরে পাওয়ার উপযুক্ত করতে বোতল বিল বৃদ্ধি করবেন।

প্লাস্টিক ব্যাগের ব্যবহার নিষিদ্ধকরণ: একবার ব্যবহার করা যায় এমন প্লাস্টিক ব্যাগের পরিবেশগত প্রভাব দূর করতে, গভর্নর কুওমো কিছু ব্যতিক্রম সহ স্টেটব্যাপী প্লাস্টিক ব্যাগ নিষিদ্ধকরণের প্রস্তাব দেন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন